তাহলে দেখা গেল, শ্যামার মর্ম-নিভৃত প্রেম-চেতনা বসন্তভাবনায় বিভোর। নাটকের ক্ষেত্রে শঙ্খ ঘোষ চরিত্রগুলির আচার-প্রকৃতি, ঘটনার ক্রিয়া-প্রতিক্রিয়ায় নানা আলোড়নে বিক্ষুব্ধ-আন্দোলিত মানসিকতার সঙ্গে ঋতুর সাযুজ্য এবং নিহিত এক প্রাকৃতিক স্পন্দন খুঁজে পান এবং এক-একটি চরিত্রে এক-একটি ঋতুর ভাব যথার্থই উন্মোচিত করেন। কিন্তু আবারও বলি, নৃত্যনাট্যের ক্ষেত্রে যেহেতু গানের সুরের প্রসঙ্গটি আসছে, সেক্ষেত্রে সুর-সংযোজনার মাধ্যমে চরিত্রগুলিতে এক অন্য-মাত্রিক ঋতুভাবনার উদ্ভাস লক্ষ্য করা যায়, দেখা মেলে এক অন্যতর ‘নিহিত প্রাকৃতিক স্পন্দনের’, যা কিনা অন্য অর্থে আরেক সূক্ষ্ম নাটকীয় বিন্যাসের জন্ম দেয়। সুর সংযোজনায় ভারতীয় শাস্ত্রীয় সংগীতের সংস্কারযুক্ত বিভিন্ন ঋতুবাচক রাগের প্রয়োগের মাধ্যমে চরিত্রগুলির মধ্যে এক অন্যধরনের নান্দনিক সূক্ষ্ম নিবিড় নাটকীয়তার অন্বেষণ ও উন্মোচনে এই ব্যাপারটি ঘটে।

যেমন শ্যামার গাওয়া এই গানটির বাণীঅংশেই শুধু বসন্তের চিত্রকল্প প্রকাশে পেয়েছে এমনতো নয়, —এর সুর সংযোজনায়ও দেখা মেলে বসন্তের লাভণ্যের। এ গানের অবলম্বিত সুরটি খাস্বাজ। অবশ্যই বাহারের একটি অনিবার্য স্বর কোমল গান্ধার এতে একবার মাত্র, তাও সামান্য মাত্র ব্যবহৃত হয়েছে। তবে উত্তরাসঙ্গের চলনে শুদ্ধ নিষাদ কোমলনিষাদের সঙ্গে মধ্যম ও ধৈবতের ব্যবহারে চকিত বাহারের আবির্ভাব গানটিতে দুর্লক্ষ্য নয়। তবে এক্ষেত্রে লক্ষ্যণীয় রবীন্দ্রনাথ প্রকৃতি পর্যায়ের বসন্ত ঋতুর গানে খাস্বাজ রাগটির প্রভূত ব্যবহার করে একে রাবীন্দ্রিক বসন্তের আবহ সৃষ্টিকারী সুরে পরিণত করেছিলেন। এমনকি প্রেম বা অন্যান্য পর্যায়েরও অনেক বসন্ত অনুষ্ঙ্গবহ গানেও তাঁর খাস্বাজ রাগে সুরারোপের প্রবণতা লক্ষ্যণীয়। যেমন বর্ষার গানে বর্ষার শাস্ত্রমান্য রাগ শুধু ব্যবহার না করে ইমনকে তিনি অন্য মর্যাদা দেন।

শ্যামার গাওয়া ‘ধরা সে যে দেয় নাই’— এই প্রথম গানটির বাণীবয়নে ছন্দোনির্মিতিতে এবং সুরসংযোজনায় ছবছ মিল পাই ‘শ্যামা’ নৃত্যনাট্যের গানগুলি রচনার আগে শাস্ত্রনিকেতনে ‘বর্ষামঙ্গলের’ জন্য রচিত একটি গান— ‘যায় দিন শ্রাবণ দিন যায়’ (রচনা : ২৬ শে আগস্ট, ১৯৩৮)। গানটি সম্পূর্ণ বর্ষার আবহে পূর্ণ—কোনো বিশেষ ঋতু বাচক রাগ ব্যবহার না করেও বর্ষা ঋতুর একটি পরিপূর্ণ আবহ এ গানটিতে মূর্ত হয়েছে স্পষ্টভাবে। এখন প্রশ্ন হলো বর্ষার আবহ ভরা একটি— গানের সুরকে এবং বাণীর আদলকে

শ্যামার প্রণয় ব্যাকুলতার মর্মকথা বোঝাতে বসন্ত সমৃদ্ধ অনুষঙ্গে তিনি কেন প্রায় হুবহু ব্যবহার করলেন?

এবার এ প্রসঙ্গে রবীন্দ্রনাথেরই বহুপূর্বে লেখা একটি প্রবন্ধ থেকে উদ্ধৃতি ব্যবহার করবো—উদ্দেশ্য রাগ-রাগিণীর সঙ্গে ঋতুর সম্পর্ক বিষয়ে কবির ভাবনার বৃত্তিটি একবার দেখে নেয়া।

(ক) “.....সংগীতেই হৃদয়ের ভিতর কার কথাটা ফাঁস হইয়া পড়ে।..... ঋতুর রাগ-রাগিণী কেবল বর্ষার আছে আর বসন্তের।..... বসন্তের জন্য বসন্ত আর বাহার। আর বর্ষার জন্য মেঘ, মল্লার দেশ এবং আরো বিস্তর।”

(খ) “..... নিষ্প্রয়োজনের জায়গাটাই হৃদয়ের জায়গা।..... বর্ষা ঋতু নিষ্প্রয়োজনের ঋতু। অর্থাৎ তাহার সমারোহে, তাহার অন্ধকারে, তাহার দীপ্তিতে, তাহার চাঞ্চল্যে, তাহার গাভীরে তাহার সমস্ত প্রয়োজন কোথায় ঢাকা পড়িয়া গেছে।”

তবে মূলকথা হ'লো ভাবের যথার্থ অভিব্যক্তি ঘটানো—ঋতুর আবহ সৃষ্টিতে এ প্রসঙ্গে রবীন্দ্রনাথ সিদ্ধকাম। এজন্যই বর্ষামঙ্গলের জন্য লেখা একটি স্বতন্ত্রগীতের সুর যখন নৃত্যনাট্যের প্রধান চরিত্রের মর্মবাণী হিসেবে রূপান্তরের সময় গৃহীত হয়—তখন আমরা মনে করতে পারি—সংগীতের মাধ্যমেই যে হৃদয়ের ভিতরকার কথাটি ফাঁস হয়ে পড়ে, এ বিষয়ে কবির আজীবনের দৃঢ়বিশ্বাস। মূল কথা ভাব। এই ভাব প্রকাশের ক্ষেত্রে আবার শুধু সুর বা রাগ-রাগিণীর ব্যবহারেই নয়, লয় গতি বা ছন্দেরও একটি মুখ্যভূমিকা রবীন্দ্রসৃষ্টিতে চিরকালই স্বীকৃত। এ গানের ছন্দপ্রয়োগ সম্পর্কে পরে আসছি। বর্ষামঙ্গলের জন্য লেখা ঐ বর্ষার গানটি এবং শ্যামার বাচনিকে নৃত্যনাট্যে ধৃত বর্তমান গানটি পাশাপাশি রাখলে দেখা যায় যে দুটোরই মূলভাব এক—প্রিয় সঙ্গ কামনায় ব্যাকুল প্রতীক্ষার চাঞ্চল্য। হোক না বর্ষা—হোক না বসন্ত, সুরারোপ ও ছন্দ ব্যবহারের মাধ্যমে সংগীতকার রবীন্দ্রনাথ শুধু ধরতে চান, শুধু ব্যক্ত করতে চান গানের অন্তর্গত মর্মকথাটি, চরিত্রের উদ্ভাসের নিহিত তাৎপর্যটি। তাতে পঞ্চম স্বরের ব্যবহারে যদি জয়জয়ন্তী বাঁচে কিংবা মরে, তাতে রবীন্দ্রনাথের যে কিছু যায় আসেনা সেতো কবির একটি বহুল পরিচিত পুরনো অভিপ্ৰায়—যা সকলেই জানেন।

বর্ষার গানটি এই রকম—

যায় দিন, শ্রাবণ দিন যায়।

আঁধারিল মন মোর আশঙ্কায়,

মিলনের বৃথা প্রত্যাশায়
 মায়াবিনী এই সন্ধ্যা ছলিছে।।
 আসন্ন নির্জন রাত্রি,
 হয়, মম পথ-চাওয়া বাতি
 ব্যাকুলিছে শূন্যেরে কোন প্রপ্নে।।
 দিকে দিকে কোথাও নাহি-সাড়া
 ফিরে খ্যাপা হাওয়া গৃহ-ছাড়া।
 নিবিড় তমিস্ত্র বিলপ্ত-আশা
 ব্যথিতা যামিনী খোঁজে ভাষা—
 বৃষ্টি মুখরিত মর্মর ছন্দে, সিক্ত মালতী গন্ধে।।

মূলগানটি শ্রাবণ দিনের গান—শ্যামার গানটি বসন্ত দিনের। শ্রাবণ সন্ধ্যার বৃথা প্রত্যাশায় উৎকণ্ঠিত প্রকৃতির প্রেমিকাচিত্তের আকুলতা প্রথম গানটিতে—শ্যামার গানটিতে বসন্তের আকুল প্রার্থনাময়—আহ্বান—নব প্রেমানুভূতিতে শিহরিত সানন্দ প্রতীক্ষা। প্রথম গানটির আবহে আসন্ন রাত্রির নির্জনতা, ঘর ছাড়া খ্যাপা হাওয়ার মাতলামি, গভীর অন্ধকারে সমস্ত আশা বিলুপ্তিতে এক রুদ্ধ পরিবেশের ভয়ঙ্কর আবহ—শ্যামার গানটিতেও বিষাদের কুহেলিকা হতে মুক্তির প্রার্থনা আছে, পিপাসিত জীবনের ক্ষুদ্র আশার অন্ধকারে ভাষা খুঁজে ফেরার যন্ত্রনা আছে—তবু এক অদম্য অনিবার্য বসন্তদিনের কল্পনায় গানটিতে এক মুক্ত আবহের সুর অনায়াসেই লক্ষ্য করা যায়। প্রথম গানটি ব্যথিতা যামিনী এবং সমগ্র প্রকৃতিরই যেন বিষাদ মোচনের প্রার্থনা—কিন্তু শ্যামার গানটিতে একটি ব্যক্ত হৃদয়ের প্রেম কামনার, প্রতিদিনের জীর্ন অভ্যাসের দাসত্ব থেকে নব প্রাণমস্তুর বাণী শোনার জন্য, সমগ্র অচরিতার্থ পিপাসিত জীবনকে সার্থকতায় মগ্নিত করে তোলার বেদনা-করণ আহ্বান। প্রথম গানটিতে বৃষ্টিভেজা মালতী ফুলের সৌরভের মধ্যে সমগ্র প্রকৃতির আশ্বাস খুঁজে ফেরা শ্যামার গানটিতে ঝরে পড়া বকুলের গন্ধের মধ্যে এই অপ্ৰাপ্তির অন্বেষণ। মালতী বর্ষার ফুল, বকুল বসন্তের।

এই রকমই একটি বর্ষার গান ‘তৃষ্ণার শাস্তি সুন্দর কান্তি’কে বর্ষার অনুষ্ঙ্গ বদলে বসন্তের অনুষ্ঙ্গময় করে চিত্রাঙ্গদা নৃত্যনাট্যের শেষে ব্যবহার করেছিলেন রবীন্দ্রনাথ। সেখানে ‘এলে/বীরছন্দে/তব কটিবন্ধে/বিদ্যুৎ-অসিলতা বেজে ওঠে ঝঙ্কন’—এই রকম বর্ষার অনুষ্ঙ্গময় পংক্তি ‘এনে দাও চিন্তে/রক্তের নৃত্যে/বকুল নিকুঞ্জের মধুকর গুঞ্জন’—বসন্তের আবহে

পরিবর্তিত হয়ে গিয়েছিল—এবং ‘ঝিল্লির মন্ত্র’, ‘মালতীর গন্ধ’, ‘তমাল বনশিখর’, ‘দিগ্বধূচক্ষু’—এই সব বর্ষার মোটিফ ‘বকুল নিকুঞ্জ’, ‘অশোকের শাখা’, ‘কম্পিত বেণুবন’, ‘মধুকর গুঞ্জন’ প্রভৃতি বসন্তের মোটিফে বদলে যেতে দেখি। এছাড়া সুরে-ছন্দে, তালে-লয়ে-দুটি গানই এক। ঠিক তেমনি ‘যায়দিন শ্রাবণ দিন যায়’—এবং “ধরা সেয়ে দেয় নাই দেয় নাই”—গান দুটির ক্ষেত্রেও রবীন্দ্রনাথের একই মানসিক অভিপ্রায় কাজ করেছে। তাহলে দেখা গেলো ‘সিন্ধু মালতী গন্ধকে’, ‘ঝরে পড়া বকুলের গন্ধে’—রূপান্তরিত করবার এই যে খেলা ভাঙার খেলা বা রবীন্দ্রনৃত্যনাট্যের সংগীতায়োজনেও একটি মুখ্য ভূমিকা পালন করেছে।

শ্যামা নৃত্যনাট্যে শ্যামা নগরনটী। সুন্দরী প্রধানা নৃত্য পটিয়সী। তাকে নৃত্যনাট্যে প্রথম যে দৃশ্যে অবতীর্ণ করানো হবে, সেই প্রথম দৃশ্যের প্রথম গানটিতেই যেন শ্যামার ব্যক্তিত্বটি দশকের চোখে মূর্ত করে তোলে যায়—সে ভাবনা কি রবীন্দ্রনাথকে আলোড়িত করেনি? আমাদের মনে আলোড়িত করেনি? আমাদের মনে পড়বে ‘চিত্রাঙ্গদা’ নৃত্যনাট্যের ‘নিউএম্পয়ার থিয়েটারে’ প্রথম অভিনয় রজনীতে প্রকাশিত বিজ্ঞপ্তিতে রবীন্দ্রনাথ বলেছিলেন যে এই নৃত্যনাট্যের গান গুলি—‘নাচের উপযোগী’। নৃত্যপটিয়সী শ্যামার গানে নৃত্যবিভঙ্গময় ছন্দোপ্রকরণ ব্যবহারের একটা প্রবণতা রবীন্দ্রনাথের মনে আসা তাই অত্যন্ত স্বাভাবিক। ফলে যে ধরনের গানে নৃত্যময় ছন্দোবিভঙ্গ ভালো ভাবে ফুটেবে সে ধরনের গানের কথা প্রথমেই মনে পড়বে আর একধরনের কোন গান যদি আগেই তৈরি করা থাকে তবে তো কথাই নেই।

এই প্রসঙ্গে আমরা মনে করতে পারি রবীন্দ্রনাথের ‘গান রচনার বিভিন্ন পদ্ধতি’র কথা। হিন্দী ধ্রুপদ, আইরিশ মেলোডি, অর্থহীন তেলেনা এসব ভেঙে তাঁর গান রচনার কথা আজ সকলেরই জানা। পরবর্তীকালে দেখা গেলো মৃদঙ্গের নাচের বোলের সঙ্গে মিলিয়ে কথা বসিয়েও অনেক গান রচনা করেছেন রবীন্দ্রনাথ। যে গানগুলি স্বভাবতই নৃত্যছন্দ প্রধান। আলোচ্য ‘ধরা সে যে দেয় নাই’ গানটিতেও আগাগোড়াই একটি নৃত্যছন্দ আভাসিত। এবার তাহলে এই সুর ও ছন্দোপ্রহণের একটা যুক্তিযুক্ততা পাওয়া যাবে যখন দেখবো যে মূল গানটি ‘যায় দিন শ্রাবণ দিন যায়’ রচনার পেছনে রয়েছে শান্তিনিকেতন নৃত্য চর্চার এক টুকুরো ঐতিহাসিক স্মৃতি।

শান্তিদেব ঘোষ ‘রবীন্দ্রসংগীত’ গ্রন্থে ‘গান রচনার বিভিন্ন পদ্ধতি’ প্রসঙ্গে জানাচ্ছেন সে ইতিহাসটি। বলছেন—“শান্তিনিকেতনের নাচে, আগে গান

রচনা হয়েছে নাচ যুক্ত হয়েছে পরে। কিন্তু নাচের চর্চা যতই বাড়তে লাগল ছেলেমেয়েদের নাচের ছন্দে নানা রকমের উৎকর্ষ দেখা দিল; তাদের নাচের মৃদঙ্গের তালের বোলে অনেক সময় কথা বসিয়েছেন নাচটিকে গানে আরো জমাট করবার ইচ্ছায়, “যায় দিন শ্রাবণ দিন যায়”—গানটি তারই একটি উদাহরণ—তাহলে বোঝা গেল রাজনর্তকী শ্যামার নৃত্য বিভঙ্গময় প্রথম মঞ্চপ্রকাশের গানটি কেন ‘যায় দিন শ্রাবণ দিন যায়’। এর বাণীর রূপান্তর। ছন্দপ্রয়োগেও যে এ গানটিতে একটিতে চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে, তাতো একান্তই শ্যামার নর্তকী চরিত্রের ব্যক্তিত্বের অনুগামী। মূল গানের ‘ছলিছে ছলিছে—শ্যামার কণ্ঠে ‘আড়ালে-আড়ালে-আড়ালে’তে— রূপান্তরিত হয়, আসলে এর আড়ালে থাকে মৃদঙ্গের বোলের তেহাইয়ের অনুকরণে শব্দ যোজনার আশ্চর্য রবীন্দ্রসিদ্ধি এবং এ যুগের দৃষ্টিতে দেখলে লক্ষ্য করবো ‘ধরা সে যে দেয় নাই’ গানটির নৃত্যনির্মিতির কালে ওড়িশি-কথক-ভরতনাট্যম— যে কোনো শাস্ত্রীয় নৃত্যভঙ্গীই অবলম্বিত হোকনা কেন—একজন রাজনর্তকীর হাস্যলাস্যময় নৃত্যবিভঙ্গ—সর্বোপরি মানসিক স্তরবিন্যাসের নানা দিক ফুটিয়ে তোলায় নাটকীয়তার দ্যোতকও উপাদান গুলি কিভাবে গানটিতে সংপৃক্ত হয়ে আছে।

তাহলে সুরারোপের ক্ষেত্রে কেবলমাত্র রাগ-রাগিণীই নয়, তাল-ছন্দ-লয় ব্যবহারের মধ্য দিয়েও নৃত্যনাট্যের নাটকীয়তা তথা চরিত্রের ব্যক্তিত্বের বিকাশ ফুটিয়ে তোলার দিকে রবীন্দ্রনাথের সূক্ষ্মদৃষ্টি সংগীত রচয়িতা রবীন্দ্রনাথের আর এক আশ্চর্য সিদ্ধিকেই সপ্রমাণিত করে।

গ : গানেরটানে পারোনা আর রইতে দূরে

‘শ্যামা’ নৃত্যনাট্যের সংগীতায়োজনের আর একটি লক্ষণীয় বৈশিষ্ট্য এতে ভাঙা গানের ব্যবহার। একেবারে প্রথম জীবনে পারিবারিক ধারায় ব্রহ্মসংগীত রচনার যে পরিমণ্ডল ছিল তাতে উৎসাহিত হয়ে এবং প্রধানতঃ মাঘোৎসবের কথা ভেবে রবীন্দ্রনাথ হিন্দুস্থানী ধ্রুপদও খেয়াল ভাঙা গান প্রচুর পরিমাণে লিখেছিলেন ‘শ্যামা’ নৃত্যটো জীবনের উপান্তে এসে আবার সেই পুরনো ছকে তিনি যে ফিরে গেলেন এই ফিরে যাবার পেছনে কতোগুলি বিশেষ উদ্দেশ্য কার্যকরী বলেই মনে হয়। প্রথমেই দেখবো ‘শ্যামা’ নৃত্যনাট্যে দ্বিতীয় দৃশ্যের প্রথমেই রয়েছে তেমনি একটি গান, হে বিরহী হয় চঞ্চল হিয়া তব’ যেটি পূর্বরচিত বেহাগ রাগাশ্রিত হিন্দী খেয়াল। সেই একটি ভাঙা গানের আদলে নতুন লেখা হয়েছে আলোচ্য গানটি।

‘পরিশোধ’ কবিতাটিতে উল্লীয় চরিত্রটি সশরীরে ছিলনা, ছিলনা সখীর দলও। এই পদ্য কাহিনীটিকে যখন ‘নৃত্যাভিনয়’ উপলক্ষে নাট্যীকৃত করা’ হল তখনও এরা অনুপস্থিত। কিন্তু নৃত্যনাট্যে রূপদান কালে একটি সম্পূর্ণ দৃশ্যই পরিকল্পনা করা হ’ল সখীরদল এবং উল্লীয়কে নিয়ে। মঞ্চে তখনো প্রধান ভূমিকনেত্রী শ্যামার আত্মপ্রকাশ ঘটেনি। দ্বিতীয় দৃশ্যের শুরুতেই নৃত্যনাট্যে নির্দেশ রয়েছে, “শ্যামার সভাগৃহে কয়েকটি সহচরী বসে আছে নানা কাজে নিযুক্ত”। এরপরই রয়েছে আলোচ্য গানটি—

হে বিরহী, হায়, চঞ্চল হিয়াতব—
 নীরবে জাগ একাকী শূন্য মন্দিরে,
 কোন্সে নিরুদ্দেশ-লাগি আজ জাগিয়া।
 স্বপনরূপিণী আলোক সুন্দরী
 অলক্ষ্য অলকাপুরী-নিবাসিনী,
 তাহার মূরতী রচিলে বেদনায় হৃদয় মাঝারে।।

এ গানের সুরটি অবিকল পূজা পর্যায়ের একটি গান—“তিমির বিভাবরী কাটে কেমনে’ র মতো। যেটি লেখা হয়েছিল কবির উনপঞ্চাশ বৎসর বয়সে উনিশশো—এগারো সালে। “গীতবিতান কালানুক্রমিক সূচী” তে প্রভাত কুমার মুখোপাধ্যায় তথ্যাদিচ্ছেন, ‘বহাগ—কাওয়ালি। গীত লিপি ৫। স্বর ৩৬”—এই পর্যন্ত। কিন্তু এটিয়ে একটি ভাঙাগান, সে তথ্য জানতে পারছি শ্রীমতী ইন্দ্রিরা দেবী চৌধুরাণীর “রবীন্দ্রসংগীতের ত্রিবেণী সংগম” বইয়ের সূত্রে। সেখানে তিনি জানাচ্ছেন—

“তিমির বিভাবরী কাটে কেমন। স্বরবিতান ৩৬, মূলগান : ক্যায়সে কাটেঙ্গে। বেহাগ। ত্রিতাল, উৎস : ইন্দ্রিদেবী”

বেহাগ রাগের যে খেয়ালটি “তিমির বিভাবরী কাটে কেমনে” গানের মূল উৎস, অর্থাৎ যে হিন্দী গানটিকে ভেঙে এ গানটি রচিত হয়েছে, সে গানের সম্পূর্ণ কথাটি পাওয়া না গেলেও ‘ক্যায়সে কাটেঙ্গি’ আর ‘কাটে কেমনে’র মধ্যে একটা যোগসূত্র পাওয়া যাচ্ছে। যদি রবীন্দ্রনাথের কবিও রচয়িতা মানস যে কোন সূত্রে কোন দিকে কল্পনাকে ধাবিত করবে সে সম্পর্কে কোনো সাধারণ উপপাদ্য সুলভ সিদ্ধান্ত করা খুবই কঠিন। ভাঙা গান সূত্রেই এ বিষয়ের অনেক প্রমাণ পাওয়া যাবে। তবে আগে এ ক্ষেত্রে ‘পূজা’ পর্যায়ের গানটি উদ্ধৃত করা যাক। ক’রে সেই মিল- অমিল রূপান্তরের বিভিন্ন দিক অনুসন্ধান আমাদের নানা কৌতূহলের উদ্বেক ও নিরসন করবে বলেই বিশ্বাস।

তিমির বিভাবরী কাটে কেমনে
 জীর্ন ভবনে, শূন্য জীবনে—
 হৃদয় শুকাইল প্রেম বিহনে।।
 গহন আঁধার কবে পুলকে পূর্ণহবে
 ওহে আনন্দময় তোমার বীণারবে—
 পশিবে পরানে তব সুগন্ধ বসন্ত পবনে।
 (গীতবিতান। পূজা)

এই গানটির সুরকে যখন নৃত্যনাট্যের সংগীতায়োজনের সময় চব্বিশ
 বৎসর পর আবার তুলে নিলেন অন্য কথার আধারে, তখন প্রসঙ্গ-প্রেক্ষাপট
 প্রয়োজন সবই তো বদলে গেছে—কিন্তু ততোদিনে কবির মন সেই প্রহর
 শেষের লগ্নে নৃত্যরসে চঞ্চল। তখন সংগীতায়োজনে কবির সূক্ষ্মবোধ
 মনস্তত্ত্বের ও সৌন্দর্যলোকের চরমসীমাকে স্পর্শ করেছে। গানটি রাখা হয়েছে
 শ্যামার সখীদের কথা ভেবে। প্রথম দৃশ্যে বাউল-কীর্তন প্ৰভৃতি লোকসুরের
 আয়োজন। দ্বিতীয় দৃশ্যে এই প্রথম অভিজাত রাগিনীর প্রয়োগ। এবং তা
 খেয়ালের আঙ্গিকে। যে রাগের সুরে এবং ত্রিতালের ছন্দে লয়ে মুহূর্তেই একটি
 দরবারি বা সভাগৃহের পরিবেশ মূর্ত হয়ে উঠবে। প্রথম দৃশ্যাটি ছিল পথে—
 সেখানে পথের হাওয়ায় যে সুর বেজেছে সে নিতান্ত দেশী-লৌকিক সুর। কিন্তু
 দ্বিতীয়দৃশ্যতে পথে নয়—সভাগৃহে। কাজেই এখানে বৈঠকী গানের মেজাজ
 চাই বৈকি। তাছাড়া এমন ছন্দও তাল প্রয়োজন, যে ছন্দে সখীদের 'নানা কাজে'
 নিযুক্ত দেখানো যাবে—এবং অবশ্যই নৃত্যভঙ্গীকে যেন তা বাহত না করে।
 সেদিকেও থাকলো সর্তক অভিনিবেশ।

দুটি গানের কথার মধ্যেও কিছু কিছু মিল লক্ষণীয়। যে গানে
 মাঘোৎসবের পূজা মন্দিরে ভক্তপ্রাণের একক-ব্যক্তিগত অনুভূতি, ঈশ্বরের
 সঙ্গে ভক্তের প্রাণের লীলায় বিরহোৎকণ্ঠায় উজ্জ্বল ও নন্দনবেদনে ভরাছিল—
 সে গানকে ব্যবহার করা হোল ব্যর্থ বিরহী প্রেমিকের প্রতি সহচরীদের
 সহানুভূতিতে। তবুও কিছুমিল কিন্তু রয়েছেই গেল, যেমন—'শূন্যজীবনে'
 ('পূজা'/গীতবিতান) রূপনিল 'শূন্যমন্দিরে' (শ্যামা নৃত্যনাট্য-ইত্যাদি)

'তিমির বিভাবরী কাটে কেমনে' গানটির স্বরলিপি করেন সুরেন্দ্রনাথ
 বন্দ্যোপাধ্যায় (দ্র০ স্বর-৩৬)। 'শ্যামা' নৃত্যনাট্যের স্বরলিপি করেছেন সুশীল
 কুমার ভঞ্জটৌধুরী (দ্র০ স্বর ১৯), কিন্তু 'হে বিরহী হায়' গানটির স্বতন্ত্র
 স্বরলিপি প্রথমে প্রস্তুত করেছিলেন শ্রীশৈলজারঞ্জন মজুমদার, সেই স্বরলিপি

‘প্রবাসী’তে প্রকাশিত হয়েছিল ১৩৪২-এ। প্রশ্নজাগে, ১৩৪২ এর একবৎসর পর রবীন্দ্রনাথ ‘পরিশোধ’ কবিতাটিকে নৃত্যনাট্যে ‘পরিশোধে’ রূপান্তরিত করেন। তাহলে সে সময় ‘হে বিরহী’ গানটিকে সেখানে অন্তর্ভুক্ত করলেন কেন? করলেন প্রায় তিনবৎসর পর ১৩৪৫-এযখন ‘পরিশোধ’ শেষবারের মতো নৃত্যনাট্য ‘শ্যামা’য় রূপান্তরিত হ’ল। আসলে বহুপূর্বে মাঘোৎসবের জন্য লেখা ভাঙাগান ‘তিমির বিভাবরী কাটে কেমন’র আদলে ‘হে বিরহী’ লেখা হয়েছিল ‘শ্যামা’ নৃত্যনাট্যেরও বহু আগে ‘শাপমোচন’ নৃত্যনাট্যের একটি অভিনয়ের সময়—প্রয়োজন বোধে। ‘শাপমোচন’ বিভিন্নবার অভিনীত হয়েছে বিভিন্ন পরিবর্তন সহ—এ সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে শান্তিদেব ঘোষের যে ‘গুরুদেব রবীন্দ্রনাথও আধুনিক ভারতীয় নৃত্য’ বইটিতে। আর স্বরবিতানেও স্পষ্ট বলা আছে যে—“অতঃপর বিভিন্ন সময়ে অভিনয় কালে কবি গানের অনেক অদল-বদল করিয়া নাট্যটি পরিমার্জিত করেন। ১৩৩৯ সালে এম্পায়ার থিয়েটারে পুনরাভিনয় কালে শাপমোচনের যে পরিমার্জিত নাট্যরূপ প্রকাশিত হয়.....বর্তমান গ্রন্থে উক্তরূপই স্বরলিপিসহ সংকলন করা হইল।” কিন্তু সেখানে ‘হে বিরহী’ গানটি বর্জিত হয়েছে।*

এই গানটি বিষয়ে প্রভাত কুমার মুখোপাধ্যায়ের ‘গীত বিতান কালানুক্রমিক সূচী’তে যে তথ্য উল্লিখিত আছে সেটি প্রথমে উদ্ধৃত করা যাক—‘হে বিরহী, হায়, চঞ্চল হিয়াতব। রচনা ২৮ কার্তিক ১৩৪০ (১৪ নভেম্বর ১৯৩৩) শান্তিনিকেতন। শাপমোচন সংযোজনা, র-র ২২।১০৫ বোম্বাই যাত্রার পূর্বে শান্তিনিকেতনে আছেন। অম্বুবিশ্ববিদ্যালয়েয় জন্য ভাষণ লিখিতেছেন —দ্রঃ রবীন্দ্রজীবনী ৩। ৪৮৮। শ্যামা ১৩৪৬ ভাদ্র, সখীদের, র-র ২৫।১৮৯ স্বরলিপিঃ শৈলজা রঞ্জন মজুমদার, প্রবাসী ১৩৪২ ‘জ্যেষ্ঠ’ ইত্যাদি।

‘হে বিরহী হায় চঞ্চল হিয়াতব’—গানটির রচনার একটি পূর্ব ইতিহাস রয়েছে, সেটি জানতে পারি শান্তিদেব ঘোষের গুরুদেব রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় নৃত্য’ গ্রন্থ থেকে। সেখানে ‘শাপমোচন’ একেবারে প্রথম থেকে গ্রন্থবদ্ধ হওয়া পর্যন্ত কি কি ভাবে পরিবর্তিত হয়েছিল, সে সম্পর্কে ধারাবাহিক বিবরণ তিনি দিয়েছেন। বলছেন— “যে কোন নাটকের অভিনয় কালে গুরুদেব কখনো এক জায়গায় থেমে থাকতেন না। নাটক রচনার পর মহড়া চলাকালে, অভিনয়ের আগের দিন, এক রাত্রি অভিনয়ের পর, এবং কয়েক মাস বা বৎসরাধিক কাল পরে যখন একই নাটকের অভিনয় করাতেন তখন তার

ব্যাপক পরিবর্তন ঘটত। অধিকাংশ সময়ে কতগুলি বাস্তব কারণে এই রূপ পরিবর্তন তাঁকে করতে হয়েছে।” (‘গুরুদেব রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় নৃত্য’ পৃঃ ১২১) ঠিক এই ভাবনাকে লক্ষ্য করেই সামগ্রিক ভাবে রবীন্দ্রনাথের এই প্রযোজক ব্যক্তিত্বের সঠিক মূল্যায়ণ করেন শঙ্ক ঘোষ— “সংস্কৃত আলংকারিকেরা যে নানা-শিল্প-সমন্বিত প্রয়োগ কুশল সূত্রধারের কথা কল্পনা করেছিলেন তার শ্রেষ্ঠ ভারতীয় নিদর্শন হয়তো রবীন্দ্রনাথ। ব্যবসায়িক মঞ্চের বহির্ভূমিতে থেকেও রবীন্দ্রনাথ ছিলেন একজন প্রথম শ্রেণীর প্রযোজক।..... এক-একটি নাটককে যে তিনি পুনর্বিন্যস্ত করবার চেষ্টা প্রায় নতুন চেহারা দিয়ে দেন তার মূল কারণটা আভিনয়িক; তাঁর মানোযোগ ছিল যতদূর সম্ভব এদের অভিযোগ্য করে তুলবার চেষ্টাতেই।” (কালের মাত্রা ও রবীন্দ্রনাটক’ পৃঃ ১৩৭) সেই প্রয়োজনেই তাহলে যদিও আগেই তৈরী করা আছে, তবুও ‘পরিশোধে’র অন্য রূপান্তরে নয়, একেবারে শেষ রূপান্তর নৃত্যনাট্য ‘শ্যামা’য় গানটি প্রযুক্ত হলো।

‘শাপমোচনে’ও শেষ অবধি ‘হে বিরহী হায় চঞ্চল হিয়া তব’ গানটি আর রইলোনা। এও প্রযুক্ত হয়েছিল নৃত্যনাট্যটির বেশ কয়েকটি অভিনয় হয়ে যাবার পর। “১৯৩৩-এর আগষ্ট মাসে শোনা গেল, বম্বে শহরের প্রতিষ্ঠিত বাঙ্গালিরা বিশ্বভারতীর আর্থিক সাহায্যার্থে, এক সপ্তাহ ব্যাপী একটি উৎসব করবেন বলে স্থির করেছেন।.....শাপমোচন-এর অভিনয় বম্বের সপ্তাহব্যাপী উৎসবে করতে হবে। এবারে শাপমোচনের গানের এবং কথার কিছু পরিবর্তন করলেন গুরুদেব।” (‘গুরুদেব রবীন্দ্রনাথ ও আধুনিক ভারতীয় নৃত্য’, পৃঃ ১২৯/১৩০)।

মূল ‘শাপমোচনে’ ছিল—

“মধুশ্রী জন্ম নিল মদ্ররাজকুলে, নাম নিল কমলিকা। স্বর্গলোক থেকে যে আত্মবিস্মৃত বিরহ-বেদনা সঙ্গে এনেছে অরুণেশ্বর, যৌবনে তার তাপ উঠল প্রবল হয়ে—জাগরণে যায় বিভাবরী—।”

বম্বে অভিনয়ের সময় এই অংশটিতে পূর্বের গানটি পরিত্যক্ত হলো এবং কথ্যাংশও কিছু পরিবর্তিত হলো।

“মধুশ্রী জন্ম নিল মদ্ররাজকুলে, নাম নিল কমলিকা। স্বর্গলোক থেকে যে আত্মবিস্মৃত বিরহ-বেদনা সঙ্গে এনেছে অরুণেশ্বর, যৌবনে তার তাপ উঠল প্রবল হয়ে। প্রাসাদের পুরনারীরা তাকে সাস্থনা দেয়—হে বিরহী, হায়, চঞ্চল হিয়াতব।”

‘পরিশোধ’ কবিতাটির ‘শ্যামা’ নৃত্যনাট্যে রূপান্তরের সময় যুক্ত হয়েছিল যে নতুন চরিত্রগুলি সেগুলির সঙ্গে পূর্বোক্ত ‘শাপমোচনে’র চরিত্র-ঘটনা এবং মানসিক দৃষ্টি-সংঘাত আলোড়নের সামুজ্যই আলোচ্য গানটিকে এখানে প্রযুক্ত হতে প্রাণিত করেছে।

শাপমোচন

- (ক) প্রাসাদের পুরনারীরা
(খ) প্রবল বিরহ-বেদনে তপ্ত
অরুণেশ্বর

শ্যামা

- (ক) সভাগৃহের সখীরা
(খ) উত্তীয়, যার না বলা বেদনা
বিরহ প্রদীপে শিখায় মতো
নয়নেজ্বলে উঠেছে।

- (গ) উদ্দেশ্য সাস্তুনা দান

- (গ) উদ্দেশ্য সাস্তুনা দান।

দেখাগেল গানটির রচনা ১৯৩৩ এ। একে ‘শ্যামা’ নৃত্যনাট্যে সংযোজিত হতে দেখছি ১৯৩৯ এ। মাঝে কিন্তু ‘পরিশোধ’ কবিতাটির নৃত্যনাট্যে রূপ ‘পরিশোধ’ নামেই একবার করা হয়েছে। কিন্তু সেখানে, উত্তীয় চরিত্রটি সখীরদল বা সভাগৃহ সরাসরি প্রদর্শিত হয়নি। এগুলি সবই এসেছে নৃত্যনাট্য ‘শ্যামায়’ রূপান্তরের সময়। সে সময় কাজেই পরিবেশ নিমাণের এবং চরিত্রের মনস্তত্ত্বকে ফুটিয়ে তোলার প্রয়োজনে বেহাগ-সুরাশ্রিত খেয়ালাংগের এই গানটি অনিবার্য মনে হল রবীন্দ্রনাথের। এই একটি মাত্র গানকে তাহলে আর আপাত সহজ প্রয়োগ বলে মনে নেবার আর উপায় রইলোনা।

ঘ : সব আশ্রয় ভেঙে যায় স্বামী, এক আশ্রয় রয়ে জাগিয়া

‘শ্যামা’ নৃত্যনাট্যেই পাওয়া যাবে এমন কতোগুলি গান, যে গুলি সরাসরি ভাঙাগান নয়, কিন্তু এ গানগুলির রূপবন্ধের দিকথেকে শাস্ত্রীয় উচ্চাঙ্গ রীতিরই। এই গানগুলির সুরারোপে রাগ নির্বাচন-তাল-লয়, সর্বোপরি যে আঙ্গিক বা স্ট্রাকচার সবমিলিয়ে এগুলির মেজাজ একেবারেই শাস্ত্রীয় গায়নের, মনে হয় যেন এগুলি কবির প্রথম জীবনে বহুঅনুসৃত ভাঙাগান প্রকরণেরই অন্তর্গত। কিন্তু এই গানগুলিকে বলা যায়, রবীন্দ্রজীবনের শেষলগ্নে হিন্দুস্থানি গানের প্রথাগত রূপবন্ধের চাইতেও এক নবতর দ্যোতনায় উজ্জ্বল সৃষ্টির উদ্ভাস “শ্যামা” নৃত্যনাট্যে এই ধরণের গান গুলির মধ্যে উল্লেখযোগ্য হলো—

- ১। বাজে গুরুগুরু শঙ্কার ডঙ্কা। মঞ্জার-কানাড়া—ত্রিতাল
- ২। আহা এ কী আনন্দ। মিশ্রভৈরব/ভৈরবী/ ঝাঁপ তাল
- ৩। জেনো প্রেম চিরঋণী। মিশ্র কাফি/ভৈরবী/ঝাঁপ তাল
- ৪। হৃদয় বসন্তবনে যে মাধুরী বিকাশিল। ছায়ানট/কাওয়ালি
- ৫। ক্ষমিতে পারিলাম না যে ক্ষম হে মম দীনতা। মিশ্র দেশ/ঝম্পক

কোনটিই সরাসরি হিন্দী শাস্ত্রীয় গান ভাঙা গান নয়। তবে কানাড়া-মল্লার ভৈরব ভৈরবী দেশ-ছায়ানট—ত্রিতাল ঝাঁপ-ঝম্পক প্রভৃতি ধ্রুপদী রাগ ও তাল ব্যবহারে এগুলিতে অনায়সেই প্রকাশ পেয়েছে এক অন্য আবহ, অন্য মেজাজ। বস্তুতঃ প্রথম জীবনে মাঘোৎসব প্রভৃতি প্রয়োজনে প্রচুর হিন্দী গান ভেঙে গান তৈরী করেছেন রবীন্দ্রনাথ— এই অভ্যাস এবং দক্ষতা তাকে এরপরেও এমন অনেক গানের সুরারোপে সার্থকতা দিয়েছে যেগুলি হিন্দী গান, ভাঙা, নয় মোটেও, কিন্তু সেগুলিতে গড়ে উঠেছে হিন্দী ধ্রুপদী গানেরই নানা ঠাট বা বিন্যাস। ধূর্জটি প্রসাদের শব্দধার করে বলা যায় নতুন ‘ডিজাইন’। যেমন বাজে ‘গুরু গুরু এক শঙ্কার তঙ্গা’ গানটির কথাই ধরা যেতে পারে। এখানে যে মল্লারঘোঁষা কানাড়ার প্রাধান্য, সে কোন কানাড়া? বলা যেতে পারে এক মুক্ত-কানাড়ার মেজাজ এতে পরিকীর্ণ। সঙ্গে সঙ্গে আমাদের মনে না পড়ে পারেনা এমন অনেক বিখ্যাত রবীন্দ্রগীতির কথা, যে গুলি সরাসরি ভাঙ্গাগান, আবার কতোগুলি হয়তো নয়ও, তবুও সেই সবগানের রূপবন্ধে বা কানাড়ার আবহ ভীষণ ভাবেই প্রকাশিত। সেই রকম কানাড়া আশ্রিত ভাঙা এবং মৌলিক সুরারোপিত কয়েকটি গান এই রকম—

- ১। এ পরবাসে রবে কে
- ২। বেঁধেছো প্রেমের পাশে
- ৩। আমার খেলাযখন ছিল
- ৪। ঝর ঝর বরিষে বারি ধারা
- ৫। মেঘের পরে মেঘ জমেছে
- ৬। মন মোর মেঘের সঙ্গী,—ইত্যাদি।

‘বাজে গুরু গুরু’ গানটির যে প্রেক্ষাপট সেখানে কানাড়ার ‘মাপ মাজ্জা’ এবং মল্লারের ‘রাসা রাপা’ ‘রা মা গি পা’ প্রভৃতি স্বরের মীড়যুক্ত প্রয়োগ মুহূর্তেই মূর্ত করে তোলে এক অজানা আশঙ্কায় ভীত মনের উদ্বেগ। এ গানটি কিন্তু, বস্তুতঃ অন্ত্যমিলহীন একটি গদ্যসংলাপ মাত্র—“বাজে গুরুগুরু শঙ্কার ডঙ্কা, ঝঞ্জাঘনায় দূরে ভীষণ নীরবে। কতরব সুখস্বপ্নের ঘোরে আপনা ভুলে, সহসা জাগিতে হবে”। সুরারোপের ফলে এই গদ্য সংলাপেই মুহূর্তে পাল্টেদিল সমস্ত আবহ। প্রধানা নায়িকা শ্যামার এই আকুল পরিবেশ বা মনের দ্বন্দ্ব বিক্ষুব্ধ আলোড়নের চিহ্ন ‘পরিশোধ’ কবিতাটিতে বা নৃত্যনাট্য ‘পরিশোধে’ ছিলনা। পরিশোধ’ কবিতাকে নৃত্যনাট্য ‘শ্যামা’য় রূপান্তর কালে এ গানটি রাখা হলো। মঞ্চ তৃতীয় দৃশ্যের শুরুতে শ্যামা গাইছে এই গানটি। এই প্রয়োগ

কি সর্বথা প্রশ্নহীন? শ্যামা কেন গাইবে এগান? যে গান অন্তর-মথিত করা আবেগের বহিঃপ্রকাশ শুধু নয়, একধরণের ভবিষ্যতের অজানা-আশঙ্কায়ও পরিপূর্ণ। আবার এক স্বতঃ প্রণোদনায় আত্মজাগরণের দার্ঢ় ও গানটিতে নিরূপিত। এই নৃত্যনাট্যে কতো গুলি নেপথ্যগীতও রয়েছে। যেমন—

১। হায় এ কী সমাপন।

২। সব কিছু কেন নিলনা, নিলনা, নিলনা, নিলনা ভালোবাসা।

এ ছাড়া কয়েকটি গান আছে, যে গুলিতে নাট্যনির্দেশ রয়েছে সখীরা গাইবে বলে, কিন্তু ভাবে বিষয়ে এবং যে যে ঘটনার পরিপ্রেক্ষিতে এগুলি এসেছে সে দিক থেকেও এগুলিকে নেপথ্যগীত, অন্ততঃ পক্ষে আমাদের গ্রামীণ যাত্রায় প্রচলিত 'বিবেকের গান' বলা চলে। যেমন—

১। সুন্দরের বন্ধন নিষ্ঠুরের হাতে ঘুচাবে কে—কে!

২। তোমার প্রেমের বীর্ষে তোমার প্রবলপ্রাণ সখীরে করিলে দান।

৩। বুক যে ফেটে যায়, হায় হায় রে।

৪। কোন অপরূপ স্বর্গের আলো দেখা দিল রে প্রলয়রাত্রি ভেদি দুর্দিন দুর্যোগে,

৫। হায় হায় রে, হায় পরবাসী, হায় গৃহছাড়া উদাসী।

৬। কোন বাঁধনের গ্রস্থি বাঁধিল দুই অজানারে

৭। নীরবে থাকিস সখী, ও তুই নীরবে থাকিস

তবে, 'বাজে গুরু গুরু' গানটিয়ে 'শ্যামা' নিজে গাইছে, এই প্রয়োগ কি অসংগত? তা মনে হয়না। প্রথমতঃ যে অজানার পথে এ নাটকের চরিত্র গুলি, বিশেষতঃ শ্যামার পক্ষেতো বটেই, কেননা সে তো জানে যে নিষ্পাপ বালক-কিশোর উত্তীরের অন্যায় হত্যার মাধ্যমে সে বজ্রসেন কে পেতে চলেছে—ফলে বজ্রসেনের সঙ্গে প্রথম পরিপূর্ণ মিলনে যাবার আগে বিবেকদষ্ট, অনুতাপে দীর্ঘা আবার প্রবল প্রেমের আকর্ষণে বিচলিত শ্যামাকে তৃতীয় দৃশ্যের প্রারম্ভে এই গানটি গাইতে দেখে অসংগত মনে হয়না। তাছাড়া এই দৃশ্যটির পূর্বসমগ্র দ্বিতীয় দৃশ্যজোড়া উত্তীরহত্যা প্রভৃতি ঘটনার-ঘনঘটার পরে—এই গানটিতে তৃতীয় দৃশ্যের আরম্ভ একদিক থেকে রিলিফের কাজও করলো বৈকি। তার উপর কানাড়া রাগিণী বর্বার আবহের সঙ্গে মানব মনের নানা আশা-আশঙ্কা জড়িয়ে থাকার যে সংস্কার সেটি এক্ষেত্রে শ্রোতাদের কাছে প্রার্থিত মনে হওয়ায় এ ধরনের আঙ্গিক এবং সুরারোপে রবীন্দ্রনাথকে প্রাণিত করেছে বলেই বিশ্বাস।

এই গানটি শেষ হচ্ছে ‘সহসা জাগিতে হবে’— এই বাক্যবন্ধে। এখান থেকেই তাহলে শুরু করা যেতে পারে এই নৃত্যনাট্যের আর একটি অন্যতম নাটকীয় মুহূর্তের তীব্র সংলাপ, যেটি প্রকৃতার্থে পূর্বজীবনে ভাঙা গানের আঙ্গিকে রচিত একটি গান থেকে নেয়া। রবীন্দ্রনৃত্যনাট্যে ভাঙা গানের প্রয়োগের এও একটি বিশেষ উদাহরণ। এখন এই প্রয়োগের প্রবণতার দিক গুলি বিশ্লেষণ করে দেখা যেতে পারে।

রবীন্দ্রনাথ তাঁর বত্রিশ বৎসর বয়সে (১৮৯৩-৯৪) একটি ব্রহ্মসংগীত লিখেছিলেন। গানটি উদ্ধৃত করা যাক—

জাগিতে হবে রে—

মোহনিদ্রা কভু না রবে চিরদিন,
 ত্যজিতে হইবে সুখশয়ন অশনিঘোষণে।।
 জাগে তাঁর ন্যায় দণ্ড সর্বভুবনে,
 ফিরে তাঁর কালচক্র অসীম গগনে,
 জ্বলে তাঁর রুদ্রনেত্র পাপতিমিরে।।

‘গীতবিতান কালাণ্বক্রমিক সূচী’তে প্রভাত কুমার মুখোপাধ্যায় গানটি সম্পর্কে তথ্য দিচ্ছেন ‘গানের বহি (ব্রহ্ম) ৯২ শঙ্করা—চৌতাল। স্বর—৪৫।’

গানটি যে আঙ্গিকে-রাগে-তালে ভাঙা গানের মেজাজের সে সম্পর্কে সন্দেহ নেই— কিন্তু এই গানটির মূলে কোনও বিশেষ হিন্দী ধ্রুপদের উল্লেখ কিন্তু ইন্দিরা দেবীও দিতে পারেননি। তাঁর ‘রবীন্দ্রসংগীতের ত্রিবেণীসংগম’ বইয়ে ‘শঙ্করা চৌতালে’র যে একটিমাত্র গানের উৎসসন্ধান পাচ্ছি, সেটি হ’ল—‘আমারে করো জীবদান/স্ব-৪/যাজগ বুট/শঙ্করা/চৌতাল/সঙ্গীত চন্দ্রিকা।।’ ‘শ্যামা’ নৃত্যনাট্যের এই ‘জাগিতে হবে’ গানটির সুরের ছাঁদে লেখা গানটি হলো—‘কাঁদিতে হবে রে পাপিষ্ঠা গেয়েছেন নায়ক বজ্রসেন।

বজ্রসেন বিদেশী বণিক। ব্যক্তিত্ব সম্পন্ন—বয়স্ক যুবক। অর্থাৎ উত্তীর্ণের মতো ‘বালক-কিশোর’-ও নয় এবং প্রেমে মত্ত অধীরও নয়। শ্যামার নিজের বর্ণনাতেই দেখি ‘মহেন্দ্রনিপিত কাস্তি— উন্নত দর্শন।’ তাঁর কণ্ঠে যে সংলাপ-গান, সেখানেও দেখি সুরে তালে-ছন্দে-শব্দব্যবহারে সেই ব্যক্তিত্ব রক্ষা করা হয়েছে সর্বক ভাবে। আমরা আমাদের অলংকার শাস্ত্রে উদাত্ত-ধীরেদাত্ত উদ্ধৃত প্রভৃতি যে সব নায়কের সংজ্ঞা পাই, সেই মতে বজ্রসেন ধীরোদাত্ত শ্রেণীর নায়ক। ‘পরিশোধ’ কবিতায় রবীন্দ্রনাথ বজ্রসেনের পরিচয় দিয়েছিলেন এই ভাবে—

‘.....বিদেশী পথিক পাছ তক্ষশিলাবাসী;
অশ্ববেচিবার তরে এসেছিল কাশী,
দস্যু হস্তে খোয়াইয়া নিঃস্বরিক্ত শেষে
ফিরিয়া চলিতেছিল আপনার দেশে.....ইত্যাদি

এছাড়াও ‘পরিশোধ’ কবিতায় যে অংশ বর্ণনায় বজ্রসেনের চরিত্রের ব্যক্তিত্বপূর্ণ দিকটি ফুটে উঠেছে, এবং যেটি নৃত্যনাট্য ‘শ্যামা’ তেও বজ্রসেন চরিত্রে রক্ষিত হয়েছে, শুধু তাই নয়, সেই ব্যক্তিত্বের সম্পূর্ণতাদান করতেই যে আলোচ্য ধ্রুপদাঙ্গের গানটির প্রয়োগ সেই অংশগুলি হলো—

- (ক) ‘.....বন্দী বজ্রসেন নতশির লাজে,
আরক্ত কপোল।’
- (খ) ‘.....বজ্রসেন তুলি শির সহসা কহিলা—
‘একি লীলা হে সুন্দরী, একি তব লীলা।
পথ হতে ঘরে আনি কিসের কৌতু কে
নির্দোষ এ প্রবাসীর অবমান দুখে
করিতেছে অবসান!’
- (গ) ‘.....লোহার শৃঙ্খলে বাঁধা যথা বজ্রসেন মৃত্যুর প্রভাত চেয়ে
মৌনী জপিছেন ইষ্টনাম।’
- (ঘ) ‘.....প্রয়সীর মুখ দুই বাহু দিয়া তুলি ভরি নিজ বুক’
বজ্র সেন শুধাইল, ‘কহো মোরে প্রিয়ে,
আমারে করেছ মুক্ত কী সম্পদ দিয়ে।’
- (ঙ) অকস্মাৎ, পরিপূর্ণ প্রণয় পীড়ায়
ব্যথিত ব্যাকুল বক্ষ, কণ্ঠ রুদ্ধ প্রায়,
বজ্রসেন কানে কানে কহিল শ্যামারে,
ক্ষণিক শৃঙ্খলমুক্ত করিয়া আমারে
বাঁধিয়াছো অনন্ত শৃঙ্খলে।’ —ইত্যাদি

এভাবে দেখা যাবে কবিতায় বজ্র সেনের চরিত্রের ব্যক্তিত্বপূর্ণ ধরনটি পূর্বাপর রক্ষিত আছে। নৃত্যনাট্যে চরিত্রকে সরাসরি মঞ্চে আনতে হবে—তার সমস্ত দ্বিধা-দ্বন্দ্ব-রাগ-দেহ-অভিমান-ভালোবাসা-বিশ্বাস-সংশয় সহ, সেক্ষেত্রে অভিনেতাকে যদি গানের সুরে সংলাপের সঙ্গে নৃত্যাভিনয় করতে হয়, তবে গানের সুরটি এবং তাল ছন্দপ্রয়োগ সেখানে হয় অন্যতম সাহায্যকারী এবং

ব্যক্তিত্বের অন্তঃস্থলের প্রকাশকারী উপাদান। অর্থাৎ গানের সুরে-তালে এমন একটি সামগ্রিকতা নির্মিত হবে যা কিনা চরিত্রটির সামগ্রিকতার প্রকাশে হবে অবশ্য-অনিবার্য সহায়ক। সেদিক থেকে বজ্রসেন যখন জানতে পারলো যে উস্তীয়ের প্রাণের বিনিময়ে সে শ্যামাকে নিজের বক্ষে পেয়েছে সঙ্গে সঙ্গে শ্যামাকে তার মনে হলো নিষ্ঠুরা-পাপিষ্ঠা। অথচ এই শ্যামাকেই তো বজ্রসেন একদা সম্বোধন করেছিল ‘লক্ষী দয়াময়ী’ বলে! নৃত্যনাট্যে শ্যামার মুখে উস্তীয় হত্যার স্বীকারোক্তি শুনে নিমেষেই বজ্র সেন প্রতিক্রিয়া ব্যক্ত করেছে ‘কাঁদিতে হবে রে পাপিষ্ঠা’ বলে। কেননা নৃত্যনাট্য দৃশ্যকাব্য। ‘পরিশোধ’ কবিতায় কিন্তু বজ্রসেন শ্যামার মুখে সমস্ত শুনে স্তম্ভিত-নীরব হয়ে গিয়েছিল। অনেক অনেক পরে, বলা যায় শ্যামার কাছে যখন বজ্র সেনের এ নীরবতা অসহ্য হয়ে উঠছিল, তখন শ্যামার আগ্রহাতিশয্যেই বজ্রসেন সংলাপে তার মনের গভীর প্রতিক্রিয়া ব্যক্ত করেছিল। শ্যামা যখন বললো—

‘..... এ জীবনে মম

সর্বাধিক পাপ মোর, ওগো সর্বোত্তম,
করেছি তোমার লাগি এ মোর গৌরব।’

এরপর কেটে গেছে বহুক্ষণ। সন্ধ্যায় যে চাঁদ উঠেছিল, সে চাঁদও অস্ত গেল। সমস্ত দিক নিচ্ছিন্ন বাক্যহারা কঠিন।

‘.....বিচ্ছেদ কঠোর

নিঃশব্দে বসিল দোঁহা মাঝে; বাক্যহীন
বজ্রসেন চেয়ে রহে আড়ষ্ট কঠিন
পাষাণ পুত্তলী;

শ্যামা তবু বারে বারে ক্ষমা চাইছে, চাইছে মুক্তি। তখন বজ্রসেন প্রথম বলেছে—

‘..... আমার এ প্রাণে

তোমার কী কাজ ছিল? এ জন্মের লাগি
তোর পাপমূল্যে কেনা মহা পাপভাগী
এ জীবন করিলি ধিকৃত! কলঙ্কিনী,
ধিক এ নিশ্বাস মোর তোর কাছে ঋণী
ধিক এ নিমেষপাত প্রত্যেক নিমেষে।’

বস্তুতঃ ‘কাঁদিতে হবে রে পাপিষ্ঠা’ গানটি প্রথম প্রয়োগ করা হয় যখন প্রথমবার ‘পরিশোধ’ কবিতাটির ‘পরিশোধ’ নামেই নৃত্যনাট্যরূপ দেয়া হয়েছিল। শেষ রূপান্তরের সময় অবশ্য আলোচ্য গানটিকে আবারও

পরিবর্তিত হতে দেখি। এভাবে ‘পরিশোধ’ (কবিতা), ‘পরিশোধ’ (নৃত্যনাট্য), ‘শ্যামা’ (নৃত্যনাট্য) —এই যে বিবর্তন এতে রবীন্দ্রনাথের কবি ও শিল্পী মানসের ক্রম পরিণতির নানা চিত্র দেখে আমরা বিস্মিত হই। ‘পরিশোধ’ নৃত্যনাট্যের গানগুলির স্বরলিপি করে ছিলেন শান্তিদেব ঘোষ। সেগুলি “সংগীত বিজ্ঞান প্রবেশিকা”য় (১৩৪৩-৪৪; ১৯৩৬-৩৭) প্রকাশিত হয়েছিল। পরবর্তীকালে স্বরবিতানে কিন্তু এগুলি পুনর্মুদ্রিত হয়নি। কিন্তু প্রভাত কুমার মুখোপাধ্যায় ‘গীতবিতান কালানুক্রমিক সূচীতে’ বলেছেন যে গানগুলির স্বরলিপি স্বরবিতান ১৯-এ (নৃত্যনাট্য ‘শ্যামা’) পাওয়া যাবে। যেখানে স্বরলিপি করেছেন শ্রীসুশীল কুমার ভঞ্জ চৌধুরী। কিন্তু ‘পরিশোধ’ নৃত্যনাট্য এবং ‘শ্যামা’ নৃত্যনাট্যের সব গান কি হুবহু এক? তবে স্বরলিপি এক হয় কি করে? যেমন আলোচ্য গানটিতেই দেখি অনেক পরিবর্তন।

নৃত্যনাট্য ‘পরিশোধ’—

“কাঁদিতে হবে রে, রে পাপিষ্ঠা,
জীবনে পাবি না শান্তি।

ভাঙিবে ভাঙিবে কলুষনীড় বজ্র-আঘাতে।
কোথা তুই লুকাবি মুখ মৃত্যু-আঁধারে।।”

নৃত্যনাট্য ‘শ্যামা’—

“কাঁদিতে হবে রে, রে পাপিষ্ঠা,
জীবনে পাবি না শান্তি।

ভাঙিবে ভাঙিবে কলুষনীড় বজ্র আঘাতে।।”

তাহলে দেখা গেলো, ‘পরিশোধ’ নৃত্যনাট্যের গানের ‘কোথা তুই লুকাবি মুখ মৃত্যু আঁধারে’ —একটি সম্পূর্ণ লাইন নৃত্যনাট্য ‘শ্যামা’য় বাদ গেছে। কেমন ছিল সেই লাইনের সুরটি? তাহলে শান্তিদেব ঘোষের করা প্রবাসীতে প্রকাশিত স্বরলিপি এবং স্বর বিতান ১৯-এ সুশীল কুমার ভঞ্জ চৌধুরীর করা স্বরলিপিকে প্রভাত কুমার মুখোপাধ্যায়ের মতো নির্বিচারে এক বলা যাবে কি?

তাহলে গানটি প্রসঙ্গে দেখা গেল যে, নায়ক চরিত্রের সামগ্রিক ব্যক্তিত্ব প্রকাশার্থে এ গানের ধ্রুপদাঙ্গের চলনটি অত্যন্ত সু-প্রযুক্ত। তবে ‘জাগিতে হবে রে’ গানটির সঙ্গে কিছু কিছু অমিলও রয়েছে, যে অমিল কিন্তু নৃত্যনাট্যের সামগ্রিকতার স্বার্থেই কবি সৃষ্টি করেছেন। ‘জাগিতে হবে রে’ গানটি চৌতালে। ‘কাঁদিতে হবে রে’ গানটির ত্রিতালে। দুটি গানেই একই রাগের স্বর সমুদয় বা পর্দা গুলি ব্যবহৃত, তবুও একটিতে তার সপ্তকে ‘সাঁ’ পর্যন্ত এবং অন্যটিতে

তার সপ্তকের 'রে' পর্যন্ত উঁচুতে সুর পৌঁছেছে। 'পাপ তিমিরে', 'অশনি ঘোষণে' ইত্যাদি শব্দবন্ধের সমার্থক শব্দ ব্যবহার এবং ভাবার্থের দিক থেকেও দুটি গান প্রায় এক হলেও 'পূজা' পর্যায়ের গানটির অন্তরা-অংশ 'শ্যামা' নৃত্যনাট্যের গানটিতে গ্রহণ করা হয়নি সংগত কারণেই। নৃত্যনাট্যের গানটি একটি সংলাপ—পূজা পর্যায়ের গানটি স্বতন্ত্র একক সংগীত। তাল ব্যবহারের মধ্যে এক ধরণের ছন্দ প্রয়োগের নাটকীয়তা নৃত্যনাট্যে তৈরি করেন রবীন্দ্রনাথ—সেই স্বার্থে চৌতালের গানটি ত্রিতালের সাথে সংগত সমন্বিত ছন্দে পরিবর্তন। রবীন্দ্রনাথ তো বিভিন্ন ছন্দের কতোগুলি তালও সৃষ্টি করে নিজের গানে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করেছিলেন, যে তাল গুলি সমগ্র উত্তর ভারতীয় সংগীতেই একান্ত নতুন। কিন্তু লক্ষনীয় রবীন্দ্রনৃত্যনাট্যে সে সব রবীন্দ্রসৃষ্ট তালের প্রয়োগ প্রায় নেই বললেই চলে। যে দুটি উদাহরণ এই মুহূর্তে মনে পড়ছে, সে দুটি হল 'চণ্ডালিকা' নৃত্যনাট্যের 'নববসন্তের দানের ডালি' (ষষ্ঠী তাল) এবং অন্যটি 'শ্যামা' নৃত্যনাট্যে 'ক্ষমিতে পারিলাম না যে' (ঝাম্পক)। সে যা হোক, এভাবে তাঁর নৃত্যনাট্যের সুরযোজনায়, জীবনের শেষ পর্বে এক অন্য রবীন্দ্রনাথকে যেন উদ্ভাসিত হতে দেখি। এবং এ সমস্ত প্রয়োগে-প্রবণতায় নব নব সৃষ্টির ব্যঞ্জনা কি শেষ পর্যন্ত এ কথাই প্রমাণিত করে না যে হিন্দুস্থানী গানের 'বাসা'টা গেলেও আভাসে-ইঙ্গিতে 'খাঁচা'টার বাইরে রবীন্দ্রনাথ বেরোতে পারেন নি, বা সে তাগিদ অনুভব করেন নি। □

তারশঙ্কর, মানিক বন্দ্যোপাধ্যায় ও বিভূতিভূষণের উপন্যাসে আঞ্চলিকতা তথা পল্লীজীবন

শ্রী শ্রাবণী ভদ্র

প্রবক্তা, বাংলা বিভাগ

রবীন্দ্রোত্তর আধুনিক সাহিত্যে, যাঁরা রবীন্দ্র-উত্তরণের স্ফূর্ত প্রবণতা দেখিয়েছিলেন কথাসাহিত্যে, ‘কল্লোল’ গোষ্ঠীর শিল্পী যাঁরা রবীন্দ্র-বিরোধের ধুরো তুলেছিলেন, —তাদের সাহিত্যিক অবদান সামনে রেখে বাংলা উপন্যাসের পরিচয় নিতে গেলে আমরা তিন বন্দ্যোপাধ্যায়ের সাক্ষাৎ লাভ করি। তাঁদের রবীন্দ্রানুরাগ ছিল যদিও, রবীন্দ্রনাথের অভিজ্ঞতার সীমানাকে উত্তীর্ণ হয়েই এঁরা স্বাধিষ্ঠিত হয়ে আছেন। বাংলা সাহিত্যের এই তিন বন্দ্যোপাধ্যায় : তারশঙ্কর, বিভূতিভূষণ ও মানিক। এই তিনিজনের বিশিষ্টতা, স্বাতন্ত্র্য ও সপ্রতিষ্ঠ হওয়ার ইতিহাসের মধ্যে বাংলা কথা সাহিত্যের একটি উজ্জ্বলতম অধ্যায় নিহিত আছে। উপন্যাসের বিষয়বিন্যাসে যে আঞ্চলিকতার বৈশিষ্ট্যটি দাঁড়ায়, সেই সূত্রধরে উপস্থিত এই ত্রয়ীর তুলনামূলক সমীক্ষা চালানো যেতে পারে।

উপন্যাসে আঞ্চলিকতা বলতে কি বোঝায়, তা প্রথমে আলোচনা করা দরকার। উপন্যাসের তাত্ত্বিক আলোচনায় যাকে বলা হয় ‘ফোকাস’, আঞ্চলিক উপন্যাসে তারই সূত্রে যেন মানুষকে একটি স্বতন্ত্র আয়তনে দেখানো। চিত্রশিল্পের ভাষায় তাকে বলা হয় ‘মিনিয়েচার পেইন্টিং’। আঞ্চলিক উপন্যাস সম্পর্কে বহুবিধ প্রশ্ন আছে। উপন্যাসের পটভূমি হিসাবে কি লেখক নির্দিষ্ট একটি অঞ্চলকেই গ্রহন করবেন? কিম্বা সংলাপে ফুটে উঠবে সেই অঞ্চলেরই নিখুঁত উপভাষা? নাকি সেই বিশেষ অঞ্চলের মানুষটি, যে মানুষটি প্রকৃতির অবিচ্ছেদ্য অংশ তারই কাহিনী বলা হবে?

আঞ্চলিক উপন্যাস হতে পারে মানুষের পরিচয়বহু। মানুষের এই চিরন্তন রূপ দেশকালোত্তীর্ণ। তার এই বিশেষ রূপটি প্রাদেশিক রূপেও ধরা দেয়, আন্তর্জাতিক রূপেও। মানুষের পরিচয় শুধু তার বাহ্যিক আচার-ব্যবহার রীতিনীতিতে নয়, তার উদ্দাম আবেগের হয়তো তটভাঙা বন্যার কলরোল—

প্রশান্ত নির্লিপ্তর পশ্চাতে উদার শয্য-ক্ষেত্রের সমৃদ্ধি। আঞ্চলিক উপন্যাসের কর্তব্য সেই পরিচয় উন্মোচন। যেমন ‘পদ্মা নদীর মাঝি’র কপিলা সার্থক সৃষ্টি, লোহার মত কঠিন ধাতের সিংহবিক্রম শূরবীর বনওয়ারী। হাসুলী বাঁকের বাঁশবনের মতই কাহারদের বন্ধ সংস্কার। কিম্বা প্রত্যস্ত বিহার অঞ্চলের নাট্য-লবটুলিয়া বইহারের আরণ্যক জীবনের কথা। যে ভৌগোলিক অঞ্চলকে তারাশঙ্কর তাঁর উপন্যাসের ঘটনাবলীর জন্য নির্বাচন করেছেন, সেটি তাঁর সম্পূর্ণ স্বক্ষেত্র। কিন্তু এটাই সেই ভৌগোলিক অঞ্চলের একমাত্র বৈশিষ্ট্য নয়। একদিকে বর্ধমানের শয্যপূর্ণ আদিগন্ত প্রান্তর, অপরদিকে বীরভূম ও বাঁকুড়ার তরঙ্গময় কাঁকুড়ে রক্ষতা, জীবনের দৈতরূপকে যেন সেই ভৌগোলিক অঞ্চল যুগপৎ ধরে রেখেছে। কাজেই পিপাসার্ত বীরভূমের দুর্ভিক্ষ (‘ধাত্রীদেবতা’) এবং দুকূল প্লাবী ময়ুরাঙ্গী (‘গণদেবতা’) দুই-ই এ অঞ্চলের বিশেষত্ব।

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় জীবনপ্রত্যয়ে রবীন্দ্রনাথের উত্তরসূরী। কিন্তু নিবিড় জীবন-অভিজ্ঞতায় রবীন্দ্রনাথের উত্তর-ভূমিতে তিনি স্বাতন্ত্র্য, স্বয়ম্পূর্ণ। তাঁর কথা সাহিত্যের উপকরণ-উপাদান, যা দিয়ে তাঁর কথা সাহিত্যের দেহ গড়ে উঠেছে, তার প্রায় সবই এসেছে রাঢ়-বঙ্গের, বিশেষ করে বীরভূমের নানা গোত্রের ও নানা স্তরের নরনারীকে নিয়ে, তাদের সমাজ-পরিবেশ ও জীবনযাত্রাকে নিয়ে, যার সঙ্গে অঙ্গাঙ্গি হয়ে আছে রাঢ়-ভূমির রক্ষ শৃঙ্খ ভূপ্রকৃতি। ধাত্রী দেবতা থেকে গণদেবতা-পঞ্চগ্রাম পর্যন্ত তারাশঙ্করের পটভূমি। বিষয় বিংশ শতাব্দীর গোড়ার দিকের বীরভূমের পল্লীজীবন—যেখানে ক্ষয়িষ্ণু জমিদারের আভিজাত্যবোধের ভগ্নাবশেষ যেমন আছে, তেমনি আছে উঠতি ব্যবসায়ীদের ও কলকারখানার মালিকদের সঙ্গে মুমূর্ষু জমিদারতন্ত্রের অসম সংগ্রাম। অন্যদিকে আছে গ্রামের অর্ধমৃত জনসাধারণ। আছে গ্রামের দারিদ্র, অস্বাস্থ্য, অশিক্ষা, অন্নান্নাভাব, জলাভাব, প্রাণশক্তির অভাব। অনেক সময় মনে হয়, তারাশঙ্কর ঠিক ঔপন্যাসিক নন; তিনি গ্রাম্য জীবনের চারণ কবি। তিনি পল্লীজীবনের মূলস্রোত অনুসরণ করেছেন—এর উৎসাহ-অবসাদ, গৌরব প্লাবিত, বাঁচার আকাঙ্ক্ষা ও মরণধর্মী জড়তা, নূতন ভাবের ও প্রয়োজনের সংঘাতে ও পুরাতন আদর্শের ভাঙ্গনে এর অসহায় কর্তব্য বিমূঢ়তা—এই সমস্তই কোন বিশেষ উদ্দেশ্যের কেন্দ্রানুগ না হয়ে তাঁর রচনায় অভিব্যক্তি লাভ করেছে। একই কারণে বাউল, বৈরাগী, বোষ্টম এবং কবির দল, ঝুমুরের দলও সেই আঞ্চলিক বৈশিষ্ট্যেরই (‘রাইকমল’ ও ‘কবি’) কেন্দ্রমূলে স্থাপিত। দ্বন্দ্বই রাঢ় অঞ্চলের জীবনের প্রধান পরিচয় সূত্র। এটা আরও বেশী বোঝা যায় যখন

সমগ্রভাবে এ অঞ্চলের অর্থনৈতিক রূপটা চোখে পড়ে। বর্ধমান বীরভূমের এই বিচিত্র রূপটি বাংলাদেশের অন্যত্র দুর্লভ। এই বিষয়বস্তু ব্যবহারের সময় উপন্যাসের কাঠামোগত পরিকল্পনায় তারাশঙ্কর যে বিশিষ্টতার পরিচয় দিয়েছেন তা লক্ষণীয়। উপন্যাসে জীবনকে শিল্পরূপে বিন্যস্ত করতে গিয়ে লোক সাহিত্যের বলিষ্ঠ ধারার সঙ্গে আত্মীয়তা স্থাপন সূত্রে তিনি তাঁর ব্যক্তি প্রতিভার সঙ্গে জাতীয় ঐতিহ্যের এক মিলন বিন্দু খুঁজে পেয়েছেন। মানুষের ওপর বিশ্বাস হারানো পাপ —এটা তারাশঙ্করেরও বক্তব্য। লোকসাহিত্যের বলিষ্ঠ ধারার অনুসরণে তাঁর উপন্যাসের যে প্যাটার্ণ গড়ে ওঠে—তা-ই বাংলা সাহিত্যে তারাশঙ্করের নিজস্ব অবদান।

অপরপক্ষে বিভূতিভূষণের সাহিত্য আলোচনা করলে আমরা দেখি তিনি পল্লীজীবনের রূপকার। যে পল্লীজীবনকে আমরা পেছনে ফেলে রেখে এসেছি, বস্তুত হারিয়ে এসেছি, ফিরে গেলে ফিরে পাব না, ফিরে যেতেও পারব না। যা একদিন আমাদের সত্তার অনেকখানি ছিল। বিভূতিভূষণ প্রকৃতির রূপকার বটে, কিন্তু প্রকৃতির এই রূপ সবটাই তার তদগত রূপ নয়। হারানো প্রকৃতির জন্য মানুষের পিপাসা শুধু প্যাস্টোরাল (Pastoral) বা রাখালিয়া পিপাসা নয়, এ পিপাসার উৎস আধুনিক যন্ত্রবদ্ধ শুল্ক জীবনযাপনে। যাদের পল্লীজীবনের সাক্ষাৎ কোনো স্মৃতি নেই, যাদের তা কয়েক প্রজন্ম আগেই বিস্মৃতিতে তলিয়ে গেছে, তাদের জন্য বিভূতিভূষণ একটি বিকল্প পল্লীস্মৃতি রচনা করে দিয়েছেন। ‘পথের পাঁচালী’র অপু আমাদের হারানো অথবা না-পাওয়া পল্লীর প্রতীক। তাঁর প্রধান কয়টি উপন্যাসের আছে এক ইউনিভার্সাল থিম। তার মধ্যে আপাতদৃষ্ট আঞ্চলিকতার বিশেষত্ব খোঁজার চেষ্টা নিতান্তই পণ্ডশ্রম। যেমন ‘পথের পাঁচালী’র নিশ্চিন্দীপুর বাংলাদেশের যে গ্রাম প্রকৃতিকে বিশেষভাবে পরিস্ফুট করে তোলে, সেই গ্রামের লোকজন, গ্রামের পাঠশালা, হাটবাজার বিভিন্ন বৃত্তিধারী মানুষেরা এইসব কিছুকেই ঘিরে একটা অঞ্চলের ভৌগোলিক রস এমন একটা নির্বিশেষ রূপ পেয়েছে যার মধ্যে যশোর অঞ্চলের কোনো গ্রামকে বা দক্ষিণ চব্বিশ পরগণার কোনো অজপাড়াগাঁকে আক্ষরিক প্রতিফলনে পাওয়া হয়তো আদৌ সম্ভব নয়।

বিভূতিভূষণের ‘আরণ্যক’-এ আছে উত্তরবিহারের সেই নির্দিষ্ট নাড়া লবটুলিয়া বৈহার অঞ্চলটি। সেখানকার ভৌগোলিক বিশেষত্বটি উপন্যাসের পটভূমির অনুপুঙ্খ বর্ণনায় চরিত্র চিত্রনের খুঁটিনাটি নানারকমের বিশেষত্ব সম্পাদনে লেখক আঞ্চলিকতার বৈশিষ্ট্যকে অতি অবশ্যই পরিস্ফুট করেছেন।

আঞ্চলিকতা তো বিভূতিভূষণের উপন্যাসের পক্ষে অনেকটাই বাইরের কথা, ভেতরের কথা টেনে আনতে হলে বরং বিশ্ববোধের ব্যাপারটি প্রকট হয়ে ওঠে। 'ইউনিভার্সাল থিম'-এর ব্যাপারে 'পথের পাঁচালী'র সঙ্গে 'আরণ্যক'-এর একটা মাত্রাগত প্রভেদ আছে। 'আরণ্যক' উপন্যাসটির পরিকল্পনার অভিনবত্ব বিস্ময়কর। প্রকৃতির যে সূক্ষ্ম, কবিত্বপূর্ণ অনুভূতি বিভূতিভূষণের উপন্যাসের গৌরব, তা এই উপন্যাসে চরম উৎকর্ষ লাভ করেছে। প্রকৃতি এখানে মুখ্য, মানুষ গৌণ।

পঞ্চাশতরে মানিক বন্দ্যোপাধ্যায় মোটামুটি তাঁদের সমকালের এবং তারশঙ্করের মতই স্বতন্ত্র এবং স্বনির্ভর উপন্যাসিক। মানিকের গ্রাম বিষয়ে আগ্রহ ও চেষ্টার অনেকটাই তাঁর বুদ্ধির, তাঁর অধীত বিদ্যার, তাঁর উৎসুক কল্পনার এবং সচেতন চেষ্টার দান। কর্ণের কবচ-কুণ্ডলের মতো গ্রামজীবন তারশঙ্করের সহজাত, মানিকের তা নয়। 'পুতুল নাচের ইতিকথা'র অধিকাংশ পাত্রপাত্রীই গ্রামের, ঘটনাস্থলও গ্রাম-গাওদিয়া। মাটি-ঘেঁষা মানুষের দিকে মানিকের দৃষ্টি পড়েছে। পল্লীজীবনের সাধারণ মানুষের সুখ দুঃখ বিষয়ে মানিক সচেতন হয়ে উঠেছেন। 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসে আমরা পল্লীজীবন, পদ্মার বুকে যৌথ কর্মপ্রয়াস ইত্যাদির আকর্ষণ অনুভব করতে পারি। এই উপন্যাসের আঞ্চলিকতার বিশেষত্বটি উপন্যাসটির পক্ষে নিতান্তই একটা বহিরঙ্গের বিশেষত্ব হয়ে পড়ে। কিস্বা গাওদিয়া গ্রামের শশীকে 'পুতুল নাচের ইতিকথা'য় যে ভাবে পাই সেখানেও অঞ্চল বিশেষের ভৌগোলিক বিশেষত্ব বলতে প্রায় কিছুই নেই, তবু তা গাওদিয়া গ্রামেরই গল্প। 'পদ্মা নদীর মাঝি'-তে অবশ্য মধ্যনিশীথিনীর বক্ষভেদ করে পদ্মা বক্ষে কোনো এক জেলের প্লুতস্বরটি— 'যদু হে মাছ কিবা' অনেকদূর পর্যন্ত বিস্তীর্ণ হয়ে যায়। আর তা হওয়া সত্ত্বেও তাকে আঞ্চলিকতার উর্ধ্বে স্থাপন করার জন্যই হয়তো হোসেন মিঞার সেই ময়না দ্বীপের উপাখ্যানটি এ উপন্যাসে মানুষের উত্তরণের একটা নতুন প্রতীকি সংস্থানকে নির্দেশ করে। থিমের দিক থেকে এখানেও মানিক বন্দ্যোপাধ্যায়ের যাত্রা যেন আঞ্চলিকতার পরিমণ্ডল থেকে ছাড়া পাওয়া কোনো একটি নির্বিশেষ দেশ। এর তুলনায় মানিক বন্দ্যোপাধ্যায়ের 'দিবারাত্রির কাব্য' এবং সেই তাৎপর্যে অবধারিত রূপে তাঁর 'পুতুল নাচের ইতিকথা'ও উপন্যাসের বিষয়বিন্যাসে, পটভূমি নির্দেশে এবং নায়কের চরিত্রে অস্তিত্ববাদী সমস্যা ও সংকটের উপস্থাপনায় আঞ্চলিকতামুক্ত উপন্যাস লক্ষণই পরিস্ফুট হয়।

সুতরাং, রবীন্দ্রোত্তর বাংলা উপন্যাসে আমাদের তিন বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে বঙ্গীয় সমাজ বাস্তবতার প্রতিফলনে যে ভিন্ন ভিন্ন কৃতিত্বের পরিচয় প্রতিষ্ঠিত হয়েছে তার স্বরূপ লক্ষণে কোথাও কোথাও উপন্যাসগুলি আঞ্চলিকতার বৈশিষ্ট্যের দ্বারা প্রভাবিত হয়ে থাকলেও তা শেষপর্যন্ত আঞ্চলিকতাকে জয় করেই উপন্যাসের সমগ্রতাকে প্রতিষ্ঠিত করেছে। □

সহায়ক গ্রন্থ :

- ১। বাংলা উপন্যাস ও তার আধুনিকতা—সত্যেন্দ্রনাথ রায়
- ২। তারাকঙ্কর : ব্যক্তিত্ব ও সাহিত্য—সম্পাদনা, প্রদ্যুম্ন ভট্টাচার্য
- ৩। বাংলা সাহিত্যের সম্পূর্ণ ইতিবৃত্ত—অসিত কুমার বন্দ্যোপাধ্যায়
- ৪। বঙ্গ সাহিত্যে উপন্যাসের ধারা—শ্রী শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

“সাহিত্য পাঠে বঞ্চিত শিশুরা মানসিক
অপুষ্টিতে ভোগে চিরকাল”

—হিমাংশু সরকার

পারিবারিক চিত্র : বাংলা প্রবাদের আলোকে

কল্পনা দত্ত ধর

প্রবন্ধ বাংলা বিভাগ

লোক সাহিত্যের একটি অন্যতম বিষয় হ'ল প্রবাদ। সামাজিক মানুষের দীর্ঘদিনের অভিজ্ঞতায় জীবন সম্পর্কে যে বোধ জন্মে তারই নির্যাস রসরূপে ভাষাবন্ধনে আবদ্ধ হয়ে অনেক কথা একমুহূর্তে অল্প কথায় মানুষের অন্তঃস্থলে স্পর্শ করে প্রকাশিত হয় প্রবাদ। বাংলা সাহিত্যের উষালগ্ন থেকেই কীর্ত্তিমান লেখকবৃন্দ সাহিত্য রূপ অটালিকায় রত্ন রূপ প্রবাদ খোঁচত করে সাহিত্যের শ্রীবৃদ্ধি করে আসছেন। বাঙালী সমাজ পরিবারের চিত্র প্রবাদের বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করলে ধরা পড়ে।

এককথায় প্রবাদের বৈশিষ্ট্যসমূহ হ'ল যথাক্রমে সংক্ষিপ্ততা, সরলতা, সাধারণ গুণ, অলঙ্কার, প্রাচীনতা, সত্যতা, সরলতা, অর্থবহতা ইত্যাদি। এই বৈশিষ্ট্যসমূহের প্রয়োগ যে ভাষায় যত বেশী সেই ভাষার অন্তর্নিহিত শক্তি ততই বেশী হয়ে ওঠে। আসলে সাংস্কৃতিক ঐতিহ্যবিহীন কোন সমাজ প্রবাদের জন্ম দিতে পারে না। এমন কি নিরক্ষর সমাজেও যদি একটি সাংস্কৃতিক ঐতিহ্য থাকে তবেই একমাত্র প্রবাদের সৃষ্টি হতে পারে। প্রকৃত কথা এই যে প্রবাদ cultured ব্যক্তি বিশেষ তথা সমাজের বাস্তব জীবনের অভিজ্ঞতার অভিব্যক্তি, এজন্য বলা চলে প্রবাদ হচ্ছে পূর্ণাঙ্গ সমাজ জীবনের ফলশ্রুতি। যে সমাজ যত বেশী প্রগতিশীল এবং অভিজ্ঞ প্রবাদ সেখানেই দানা বাধে সর্বাধিক। বক্তা ও শ্রোতার মধ্যে আনন্দময় সামাজিক যোগ প্রতিষ্ঠিত করে প্রবাদ।

বৃহত্তর বাঙালী সমাজ জীবন অপেক্ষা ক্ষুদ্রতর পারিবারিক জীবনের প্রভাব প্রবাদে বিশেষভাবে লক্ষ্য করা যায়। অধিকাংশ প্রবাদে পারিবারিক সমাজের অন্তরালে রয়েছে বাস্তবচিত্র। বাঙালী পরিবারের বিভিন্ন সদস্যদের মধ্যে সম্পর্কানুসারে কিছু প্রবাদের উদাহরণ লক্ষ্য করবো—

শাশুড়ীর এবং পরিবারের দৃষ্টিতে পুত্র বধু

১। অকাজে বউড়ী দড়, লাউ কুটতে খরতর।।

(অন্য আনাজের চেয়ে লাউ কোটা বেশী সহজ।)

- ২। আগে-হাঁটুনি, পান বাটুনি, বউয়ের ধাই।
এই তিনের কাজের যশ নাই।।
- ৩। আচারে রাঁধে, বিচারে খায়।
শাশুড়ী বউয়ের কাজনা ফুরায়।।
- ৪। আধ শাশুড়ী আধ বধু, মনে বিষ মুখে মধু।।
- ৫। কাঠ কুটো আনে চুলোর মুখ, শাশুড়ী আনে বউয়ের মুখ।

পুত্র বধু' ও পরিবারের দৃষ্টিতে শাশুড়ী এবং ননন্দ

- ১। শাশুড়ী ম'ল সকালে,
খেয়ে দেয়ে যদি বেলা থাকেত
কাঁদব আমি বিকেলে।
- ২। শাশুড়ী যেমন কাঠি মেপে খোয় দুধ।
বউ তেমন জল মিশিয়ে খায় দুধ।।
- ৩। ভাল কথা মনে পড়ল আঁচাতে আঁচাতে।
ঠাকুরঝিকে নিয়ে গেল নাচাতে নাচাতে।।
(ঠাকুরঝিকে জলে কুমীরে নিয়ে যাবার পর ভ্রাতৃ বধু'র
বিচক্ষণ কথা)
- ৪। ননদিনী রায়বাঘিনী, দাঁড়িয়ে আছে কালসাপিনী।।

স্ত্রী'র ভাষায় স্বামী; সুঅর্থে এবং কুঅর্থে

- ১। স্বামী আমার গুরুজন, এক রাজার নয় সাত রাজার ধন।
- ২। মিঠা বোল, শাশুড়ী পূজে, আপন ধন আপন বুঝে।
স্বামীর সেবা, সাঁজে বাতি, ডাক বলে লক্ষ্মী স্মৃতি।।
- ৩। যারে যেমন গড়েছে বিধি, সেই ভাতারের পরম নিধি।।
- ৪। পুরুষের ভালবাসা, মোল্লার মুরগী পোষা।।
- ৫। এত করে করি ঘর তবু মিনসে বাসে পর।।
- ৬। দরবারে মুখ না পায়, ঘরে এসে বউ ঠেঙায়।।

ভাসুর এবং ভ্রাতৃ বধুর সম্পর্কানুসারে সাক্ষাৎ এবং কথা বার্তা নিষেধ;
কিন্তু তৎসত্ত্বে ভ্রাতৃবধু বলছেন—

১। কাঁথখান (দেওয়াল), কাথঁখান, বট্টাকুর কি পাঁকলে মাছখান ।।

বট্টাকুর অর্থাৎ ভাসুর জবাব দিচ্ছেন—

২। খান, খান, খান, খান পাঁচ ছয় খান ।

এখন একটু তেল পেলে নাইতে যান ।।

৩। এক যে ছিল গেরস্তের বউ কবাটের আড়ে ।

নাচতে নাচতে পড়ল গিয়ে ভাশুড়ের ঘাড়ে ।।

পারিবারিক জীবনে পিতার প্রভুত্ব বর্তমান ছিল। পিতাকে অস্বীকার করে পুত্র কিছুই করতে পারত না। তাছাড়া অর্থনৈতিক সমাজে পিতা জীবিত অবস্থায় পুত্রের অর্থনৈতিক স্বাধীনতা থাকত না। যেমন—

১। বাপের উপরোধে সংমার পায়ে গড়।

২। বাপকা বেটা সিপাহীকা ঘোড়া, কুচ না হোবে তো খোড়া খোড়া ।।

এছাড়া পুত্রের দৃষ্টিতে পিতা

১। বাপ থাকতে বিদ্যমান, গয়ায় গিয়ে পিণ্ডদান ।

২। বাপে পোয়ে কমল বাজে, তা বিচারে অবুধ রাজে ।।

পারিবারিক জীবনে আচার ব্যবহার হিসেবে প্রবাদের মূল্য সার্বজনীন নয়। কেননা প্রবাদ সরাসরি নীতিবাক্য নয়। প্রবাদের মূল কথা উচ্চ আদর্শ, তত্ত্বজ্ঞান বা লোকশিক্ষা। প্রবাদের মধ্যে পারিবারিক চিরন্তনত্ব আছে; তবে এই চিরন্তনত্ব পুরোপুরি সত্যের ও নয় তথ্যের ও নয়; কেননা ‘ধর্মের কল বাতাসে নড়ে’ — নৈতিক জগতের সত্য হলেও ব্যবহারিক তথ্য নয়। ঠিক তেমনি ‘জন, জামাই ভাগনা, তিন নয় আপনা’ — ব্যবহারিক জগতের তথ্য হলেও, নৈতিক জগতের সত্য নয়। আসলে পারিবারিক চিত্র প্রবাদের অনুপ্রেরক নৈতিক জ্ঞান নয়, সাংসারিক জ্ঞান এবং প্রত্যক্ষ অনুভূতি। □

সহায়ক গ্রন্থ :

১। বাংলা একাডেমী : বাংলা প্রবাদ সংগ্রহ, বাংলাদেশ ।

২। ভট্টাচার্য, ডঃ আশুতোষ : বাংলার লোক সাহিত্য; সংখ্যা ৬, প্রবাদ কলকাতা ।

৩। দে, সুশীল কুমার : বাংলা প্রবাদ, কলকাতা ।

৪। দও, কল্যাণী : প্রবাদ মালা ।

নিরক্ষরতা একটি সামাজিক সমস্যা

শ্রী রাজ কুমার রয়

উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষ

ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে উপদেশ দিয়েছিলেন, “সর্বভূতস্বাত্মানং সর্বভূতানি চাত্মনি”—দৃষ্টিভঙ্গীতে জীবনের ও জগতের পরস্পর সম্পর্ক উপলব্ধি করতে। এই জীবনবোধ ভারতীয় শিক্ষা ও সভ্যতাকে প্রভাবাধিত করেছে।

জীবজগতে ঈশ্বরের সর্বশ্রেষ্ঠ সৃষ্টি হলো মানুষ। মানুষের এই শ্রেষ্ঠত্বের মূল কারণ তাঁহার আত্মসচেতনতা, যাহা অন্য কোন জীবের নেই। এই আত্মসচেতনার মূল আধার হলো মানুষের মন। মনের বিকাশ লাভ ঘটে জ্ঞান চর্চার দ্বারা। শিক্ষা হলো জ্ঞান চর্চার সোপান।

শিক্ষাই হচ্ছে সভ্যতার অগ্রগতির প্রধান শক্তি। শিক্ষা মানুষকে আত্মনির্ভরশীল, যুক্তিবাদী ও কর্মঠ করে তুলে। যে কোন দেশের সার্বিক উন্নতির মূলে থাকে শিক্ষা। আজ পৃথিবীর সব রাষ্ট্রেই শিক্ষাকে সর্বাধিকার দেওয়া হয়েছে। তা সত্ত্বেও আফ্রিকা ও এশিয়ার বিপুল জনগোষ্ঠীর মধ্যে নিরক্ষর জনগণের সংখ্যা প্রচুর। ভারতবর্ষে জনসংখ্যার প্রায় ষাট শতাংশ নিরক্ষর।

দীর্ঘকাল ভারতের সমাজে অসাম্য ও বৈষম্যের জন্য অক্ষরের সাথে হতভাগ্য মানুষের পরিচয় ঘটেনি। দেশের উন্নতির জন্য জনশিক্ষার গুরুত্ব সম্পর্কে কবিগুরু রবীন্দ্রনাথ নানাভাবে দেশের শিক্ষিত সমাজকে সচেতন ও সতর্ক করতে প্রয়াসী হন। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর যেমন কবিগুরু তেমন আমাদের শিক্ষাগুরুও। নূতন পদ্ধতিতে এবং ভারতীয় আদর্শে শিক্ষা বিস্তারের জন্য রবীন্দ্রনাথ প্রতিষ্ঠা করেন “বিশ্বভারতী”। আজ এই “বিশ্বভারতী” বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়ে বিশ্ববিদ্যার ভাণ্ডারে জনগণকে আমন্ত্রণ জানাচ্ছে।

নিরক্ষরতা এক গভীর সামাজিক ব্যাধি। তার প্রতিকার হল সাক্ষরতা। এ সম্পর্কে রাষ্ট্রসংঘ বিশেষ উদ্যোগী হয়ে উঠেছে। আন্তর্জাতিক সাক্ষরতা ১৯৯০ পালিত হয়েছে। পৃথিবীর বিভিন্ন রাষ্ট্র সাক্ষরতা প্রসারের জন্য নানাভাবে উদ্যোগী হয়েছেন। ভারতবর্ষের জনগণের নিরক্ষরতা দূরীকরণে সরকার নানাভাবে পরিকল্পনা গ্রহণ করেছেন।

সরকার সাক্ষরতা প্রসারে উদ্যোগী হয়েছেন। কিন্তু সাক্ষরতাকে ফলপ্রসূ করে তোলার জন্য প্রত্যেক শিক্ষিত মানুষের বিশেষত ছাত্র-ছাত্রীর বিশেষ কর্তব্য আছে। আমাদের দেশ কৃষিপ্রধান। অধিকাংশ নর-নারী কৃষিজীবী। পল্লীর পুরুষ মানুষেরা দিন-রাত কাজকর্মে ব্যস্ত থাকে। আর নারীরা চব্বিশ ঘণ্টা গৃহকর্মে লিপ্ত। সুতরাং লেখা-পড়ার ব্যাপারে তাদের আগ্রহ না থাকাই স্বাভাবিক। যেহেতু আজকাল প্রতি গ্রাম থেকেই ছাত্র-ছাত্রীরা স্থানীয় স্কুলে পড়াশুনা করে, তাই তারা সাক্ষরতার ব্যাপারে উদ্যোগী হলে সুফল পাওয়া যাবে। সাধারণতঃ সন্ধ্যা কালেই শ্রমজীবী পল্লীর নর-নারীরা একটু অবসরের সুযোগ পায়। ছাত্র-ছাত্রীরা তাদের বুঝিয়ে সে সময় লেখা-পড়ায় আগ্রহী করে তুলবে। সাধারণ মানুষের উৎসাহ বৃদ্ধির কাজে ছাত্র-ছাত্রীদের অগ্রণী ভূমিকা নিতে হবে। শুধু এই নয়, তাদের হাতে কলমে শিক্ষার ভার নিতে হবে।

আমাদের দেশের সমস্যা ও দুর্গতি অনেক। সাক্ষরতার প্রসারে দেশের বৃহত্তর জনগোষ্ঠীর চিত্ত থেকে অন্ধকার দূর হলেই দেশের প্রগতি সাধিত হবে। মনে রাখতে হবে নিরক্ষরতামুক্ত সমাজই সভ্যতার উন্নতির ছাড়পাত্র। দেশের ভবিষ্যতের সম্ভাবনা ও আশা-ভরসার প্রতীক ছাত্র-সমাজ। মনে রাখতে হবে জীবকল্যাণে এবং পরার্থপরতায় মনুষ্য জীবনের সার্থকতা। অন্তরের সমস্ত সহানুভূতি ও সহৃদয়তা উজার করে দিয়ে দেশের সার্বিক উন্নতির জন্য বিশেষভাবে সাক্ষরতা প্রসারে ছাত্র-সমাজকেই উদ্যোগী হতে হবে। ভবিষ্যতের রূপরেখা হলো ছাত্রসমাজ। তবে কবিগুরু মতো আমাদের ছাত্র-সমাজের আশাবাদী হতে হবে।

“নিশিদিন ভরসা রাখিস হবেই হবে ওরে মন হবেই হবে।”

আমি একজন ছাত্র, আমার চিন্তে এই সদাজাগ্রত ও ক্রিয়াশীল এক উজ্জ্বল ভবিষ্যতের শিক্ষিত সমাজ।

সূর্যোদয়ে যেমন তমোরশি বিনষ্ট হয়, শিক্ষা সেইরূপ কায়িক, বাচিক ও মানসিক সমস্ত পাপ দূর করে। শিক্ষার সহায়্যেই লাভ হয় জ্ঞান, জ্ঞানের আলোকে মানুষের মন পরিণত ও বিকশিত হয়। শিক্ষার উদ্দেশ্য মনুষ্যত্বের পূর্ণ বিকাশ। এই পূর্ণ বিকাশের অর্থ দেহ ও মনের পরিপূর্ণ পুষ্টিসাধন। মানুষের দেহ বাদ দিয়ে যেমন তাহার মনকে কল্পনা করা যায় না, তেমনি মন বাদ দিয়ে ও দেহের অস্তিত্ব কল্পনাশীল। শিক্ষার উদ্দেশ্য দেহ এবং মন উভয়েরই স্বাস্থ্যরক্ষা ও বিকাশ সাধন করা। দুর্বল দেহ যেমন প্রকৃত মননশীলতার অন্তরায়, তেমনি অশিক্ষিত বা অসুস্থ মন দেহের ও স্বাস্থ্য রক্ষা

করতে পারে না। দেহের স্বাস্থ্য এবং মনের স্বাস্থ্য সর্বাঙ্গীণ মনুষ্যত্বের বিকাশ ক্ষেত্রে পরস্পরের পরিপূরক।

কথায় বলে, “নায়মাশ্রা বলহীনেন লভ্যঃ”। অর্থাৎ দুর্বলতা দ্বারা সত্যবস্তু সম্বন্ধে জ্ঞান লাভ সম্ভব নয়। কাজেই দেহ চর্চা দ্বারা বল লাভ করা মানুষের দরকার। ইহা শিক্ষার একটি দিক। অন্যদিক হলো মনের শিক্ষা; উহা অর্জন করতে হয় লেখা-পড়ার দ্বারা এবং লেখা-পড়া হতে প্রসূত জ্ঞানের চর্চা করে। স্বাস্থ্যহীন দেহে বিদ্যা যেমন কর্মজীবনের সাফল্যের অন্তরায়, তেমনি অপরিণত মন নিয়ে শুধু পালোয়ান হয়ে বেঁচে থাকাও অর্থহীন। জীবনের একদিকে চাই সতেজ প্রাণচঞ্চল্য, তেমনি অন্যদিকে প্রয়োজন জ্ঞানের দ্বারা অর্জিত চিন্তার গভীরতা।

নিরক্ষরতা দূরীকরণের একটি বিশেষ কার্যক্রম হল বয়স্কদের শিক্ষাদান। পিতামাতা শিক্ষিত হলে সন্তানের উপর তার আংশিক প্রভাব অন্ততঃ বর্তাবে। বয়স্করা শিক্ষার সঙ্গে সঙ্গে নিজেদের জীবিকা বা বৃত্তি সম্বন্ধে সচেতনতা, সমাজের নিয়ম-নীতি, স্বাস্থ্যরক্ষার বিধি, অবসর সময়ের সদ্ব্যবহার, পারিবারিক ও গোষ্ঠীগত জীবনযাত্রার মানোন্নয়ন শিক্ষা করবে। পরিকল্পনা-কমিশন ডঃ বি. এন. ঝার নেতৃত্বে যে কমিটি গঠন করেছেন তাতেও নিরক্ষরতা দূরীকরণে বয়স্কশিক্ষার প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

সরকারী শিক্ষানীতির লক্ষ্য চৌদ্দ বৎসর বয়স পর্যন্ত বাধ্যতামূলক শিক্ষাদান এবং অবৈতনিক প্রাথমিক শিক্ষা। সরকারী নীতি সত্ত্বেও কার্যক্ষেত্রে দারিদ্র ও পিতা-মাতার ঔদাসীনি্যের জন্য গ্রামাঞ্চলে ও শহরের শ্রমিক বস্তিতে অধিকাংশ বালক-বালিকা প্রাথমিক পর্যায়ের শিক্ষাক্রম সম্পূর্ণ করতে পারে না। এইসকল স্কুল ছাড়া বা ‘ড্রপ আউট’ দের শিক্ষাদানে ছাত্র-ছাত্রীদের আত্মনিয়োগ করতে হবে।

অশিক্ষা ও অজ্ঞতা মানবজীবনের সবচেয়ে নিদারুণ অভিশাপ। বিধাতার সৃষ্টি এই বিশ্বব্রহ্মাণ্ড অনন্ত জ্ঞানের পরিধি। শিক্ষার অভাবে যারা এই জ্ঞানভাণ্ডারের কোনো সম্পদের সন্ধান পায় না তারা বড়ই হতভাগ্য। এ শুধু তাত্ত্বিক জ্ঞান থেকে বঞ্চিত নয়, এতে ব্যক্তিজীবন এবং সামাজিক জীবন ও নানা দিক থেকে দীনতর হয়। বর্তমান ভারতে যে সব সমস্যা জাতীয় জীবনের উন্নতির পক্ষে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে নিরক্ষরতা তাদের অন্যতম।

শিক্ষাহীনতার অভিশাপ ভারতবাসী বহন করে আসছে ব্রিটিশ সাম্রাজ্যবাদের অভিসন্ধিপরায়ণ শাসনব্যবস্থা থেকে। ব্রিটিশ তার সাম্রাজ্যবাদী স্বার্থ অক্ষুণ্ণ রাখবার জন্য সমাজের মুষ্টিমেয় শ্রেণীকে শিক্ষিত করে তুলেছিল।

সাক্ষরতা বলতে আমরা রবীন্দ্রনাথ কথিত মোটামুটি শিক্ষাকে নির্দেশ করতে চাই। শিক্ষার পথ প্রশস্ত রাজপথ নয়, কাঁচা মেটে রাস্তা হলেই চলবে। অজ্ঞ মানুষ পরস্পর থেকে বিচ্ছিন্ন। শিক্ষার সূত্রেই তারা ঐক্যবদ্ধ হতে পারবে। নিজেদের অধিকার ও কর্তব্য সম্বন্ধে সচেতন হয়ে উঠবে। তাই ছাত্রসম্প্রদায় দেশবাসীর জন্য এমন ব্যবহারিক শিক্ষার ব্যবস্থা করবে যাতে তারা প্রাত্যহিক জীবনের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করতে পারে। সুদখোর মহাজন যাতে কৃষককে প্রতারিত করতে না পারে, শ্রমিক যাতে ফন্দিবাজ রাজনীতির শিকার না হয় সেজন্য জনগণকে সাধারণ শিক্ষাদান করতে হবে। পৃথিবীর বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্রের উপযুক্ত নাগরিক হতে গেলেও শিক্ষার প্রয়োজন। ছাত্র-ছাত্রীরা যদি প্রত্যেকে প্রতি বৎসর দুই-তিনজন নারী-পুরুষকে সাক্ষর করে তুলতে পারে তাহলে সমাজের অশেষ কল্যাণ সাধিত হবে। ছাত্রীরা গ্রামের বালিকা ও বয়স্ক নারীদের শিক্ষার ভার নিতে পারে। এন. সি. সি. বয়স্কাউট ও গার্লগাইড প্রভৃতি সংস্থা দেশের বিভিন্ন অঞ্চলে সাময়িক শিক্ষাকেন্দ্র স্থাপিত হয়েছে। শিক্ষার প্রসারের জন্য শিক্ষক ও শিক্ষিকারা ছাত্র-ছাত্রীদের উন্নত ধরনের শিক্ষার ব্যবস্থা করছেন, যার মাধ্যমে জনগণের মধ্যে শিক্ষার আগ্রহ জেগে উঠে। মানুষ শিক্ষার সমাপ্তিতে পূর্ণ মনুষ্যত্বের অধিকারী হয়ে জীবন যুদ্ধে জয়ী হতে পারবে, এই আশার আলো জাগাতে হবে নিরক্ষর দেশবাসীদের মধ্যে।

শিক্ষিত জনসাধারণই দেশের প্রকৃত সম্পদ। সচেতন নাগরিকতাবোধ ব্যতীত রাষ্ট্রনৈতিক স্বাধীনতা অর্থহীন। ছাত্ররা নিজেরা আলোকিত শিক্ষা রাজ্যের অভিযাত্রী। তাই তাদেরই কর্তব্য নিরক্ষর দেশবাসীদের আলোকতীর্থের পথ দেখানো। অদৃষ্টবাদী মূক-মূঢ়-জ্ঞান মানুষের মুখে তারাই ভাষা দিতে পারে। অন্তরে অন্তরে শিক্ষার দীপ জ্বলার মতো পুণ্যকর্ম আর নেই। বাধাবন্ধনহীন স্বার্থত্যাগে সমুৎসুক ছাত্রসম্প্রদায়কে তাই আলোকদূতের ভূমিকা গ্রহণ করতে হবে। □

অহিংসার অস্ত্রপাত হিংসার অস্ত্র হ'তে শক্তিশালী

৯ রাণা ভট্টাচার্যী

উচ্চতর মাধ্যমিক ২য় বর্ষ

হিংসোত্তম ও পৃথিবীর দিকে তাকিয়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর
লিখেছেন—

“হিংসায় উন্মত্ত পৃথ্বী নিত্য নিঠুর দ্বন্দ্ব, যোর কুটিল পথ তাহার লোভ-
জটিল বন্ধ।”

বিংশ শতাব্দীর পূর্বাঙ্কেই পৃথিবী দুবার হিংসায় উন্মত্ত হয়ে উঠেছে। দুদুটি
বিশ্বযুদ্ধ তাঁদের সর্বগ্রাসী ক্ষুধার লেলিহান শিখায় ভষ্মীভূত করেছে, পৃথিবীর
ক'ত শান্তির নীড়—কত সমৃদ্ধ জলস্পদ ও কত শস্য প্রান্তর। এ দুটি নরমেধ
যজ্ঞের ভয়াবহ হত্যা লীলায় পৃথিবী শিহরিত হয়ে উঠেছে। জননী বসুমতী এ
রক্তস্নানে পীড়িতা, তিনি মুক্তি স্নান করতে চান শান্তি পবিত্র জলধারায়। যুদ্ধ
মিটেছে কিন্তু তাঁর প্রতিক্রিয়া তো এখনও মেটেনি। কবে মিটেবে কে জানে?
তাই পৃথিবী কোন সংঘাত নতুন কোন সংগ্রাম চায় না। পৃথিবী চায় শান্তি,
পৃথিবীর মানুষ চায় শান্তি।

কিন্তু কেন এ সংগ্রাম? যে সংগ্রাম পৃথিবীকে ধ্বংসস্তুপে পরিণত করে,
নরহত্যা বিভীষিকা সৃষ্টি করে। মানব সমাজকেও আতঙ্কিত করে, মানুষের
ক্ষুধার অন্ন বিনষ্ট করে, মানুষের সাজানো সংসার, গ্রাম, শহর ধ্বংস করে,
তাকে মানুষ, কেন স্বেচ্ছায় ডেকে আনে? মানুষ হিংসায়ও লোভে উন্মত্ত হয়ে
কবরভূমি রচনা করে। সংগ্রামের জন্য মানুষই দায়ী। মানুষের অন্তরের লোভ
ও হিংসায় একদল মানুষ বীভৎস জিঘাংসায় মেতে ওঠে। শক্তির প্রতিযোগিতায়
সে হয় জয়ী। তখন তার অন্তরের সুপ্ত লোভ ও হিংসা ফুলে ফেঁনে কুটিল
হয়ে উঠে। তার যা আছে তাতে যে খুশি নয়। সে আরো চায়, আরো এ
লোলুপতা তাকে তার অধিকার সম্প্রসারিত করতে প্রলুব্ধ করে। সে হিতাহিত
জ্ঞানশূন্য হয়ে আত্মসম্প্রসারনের নেশায় মেতে উঠে। সম্প্রসারণশীলতাই সকল
রক্তক্ষয়ী সংগ্রামের মূল। দেশজয়, রাজ্যজয় অথবা দ্বিধ্বিজয়সকল সংগ্রামের

জন্য মানুষের এই সম্প্রসারণশীলতা দায়ী, অতি প্রাচীনকাল থেকে এ পর্যন্ত যত যুদ্ধ সংঘটিত হয়েছে তার মূল কারণ এটাই। কিন্তু যুদ্ধের এটাই একমাত্র কারণ নয়। বৈষম্য যুদ্ধের অন্যতম কারণ। ধন্য বৈষম্য বা বর্ণ বৈষম্য যুদ্ধের অন্যতম কারণ। ধন বৈষম্য বা বর্ণ বৈষম্য এক বিশ্বের নেতৃত্ব আকাঙ্ক্ষা যুদ্ধের অন্যতম কারণ। বিংশ শতাব্দীতে যে দুটি বিশ্বযুদ্ধ সংঘটিত হয়েছে তার মূল বিশ্ব নেতৃত্বের আকাঙ্ক্ষা।

সংগ্রামের আকাঙ্ক্ষা ধ্বংসের আশুণ জ্বালায়। পৃথিবীকে, পৃথিবীর মানুষকে ধ্বংসান্ধিমুখে পরিচালিত করে। কত গ্রাম, শহর, সমৃদ্ধ জনপদ ও উর্বর শস্যপ্রান্তর ভস্মীভূত হয়। যারা যুদ্ধক্ষেত্রে সংগ্রাম করতে যায়, তাদের সবাই তো আর ফিরে আসে না। যারা আসে তাঁদের মধ্যে অনেকেই পঙ্গু, রুগ্ন ও অকর্মণ্য হয়ে ফিরে। যারা সুস্থ দেহে ফিরে আসে তারা শান্তিকালীন মানবসমাজের বাসের অনুপযুক্ত হয়ে আসে। কারণ দীর্ঘকাল যুদ্ধশিবিরে বাস করে, যুদ্ধ কৌশল অনুশীলন করে তারা শান্তিপ্রিয় সমাজের বহু লালিত নৈতিক শক্তি হারিয়ে ফেলে। অন্যদিকে যুদ্ধকালে বহু নিরীহ বেসামরিক জনসাধারণ যুদ্ধান্বিতে প্রাণ আছতি দেয়। তাঁরা জানতে পারে না কার পক্ষে কিংবা কোন অপরাধে তাঁদেরকে অকাল মৃত্যুবরণ করতে হলো। তাছাড়া যুদ্ধের সময় খাদ্যবস্তুর অভাব দেখা দেয়, দ্রব্যমূল্য বৃদ্ধি পায় এবং সমাজের সর্বব্যাপী নৈতিক অধঃপতনের ফলে কালো বাজারী, মুনাফাশিকার, মজুতদারি ইত্যাদি বহু সমাজবিরোধী কার্যকলাপ প্রাধান্য লাভ করে জীবন দুর্বিসহ করে তোলে। দ্বিতীয় মহাযুদ্ধ মিটিছে। কিন্তু আমরা এখনও সেই ঘণিত পাপের প্রায়শ্চিত্ত করে চলেছি। জানিনা এর শেষ কোথায়! তাহলে শান্তি আসবে কোন পথে? পৃথিবীর সকল জাতি, সকল মানবের স্বাধীনতা স্বীকার করে নিয়ে যদি বিশ্ব-রাষ্ট্র গঠিত হয় এবং সেই রাষ্ট্র যদি সকল মানুষের সমান মর্যাদা ও অধিকার স্বীকৃত হয়, ধনতন্ত্রের ধ্বংসসম্পূর্ণ উপর যদি সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়, তবে হয়তো পৃথিবীতে স্থায়ী শান্তি ফিরে আসবে। ধনতন্ত্রের মধ্যেই সংঘাত ও সংগ্রামের বীজ নিহিত রয়েছে। তা উপনিবেশবাদ ও সম্প্রসারণশীলতার দিকে ধাবিত হয় এবং শোষণ ও মানব নির্যাতনের যন্ত্ররূপে ক্রিয়াশীল থাকে। কিন্তু বিশ্বরাষ্ট্রে সেই ধনতন্ত্রের প্রতি কোন পক্ষপাতিত্ব থাকবে না, থাকবে সাম্য ও সমানাধিকারের নিশ্চিত আশ্বাস। এর প্রতিষ্ঠা হিংসার দ্বারা সম্ভব নহে, অহিংসার দ্বারা সম্ভব।

শান্তিই সমৃদ্ধির চাবিকাঠি। শান্তির সময়ে কলকারখানা চালু থাকে। শিল্পী কারিগরেরা শান্তিতে উৎপাদন কার্য মন দেয়। ফলে সকল দেশের সম্পদ বৃদ্ধি

পায়। তাতে মানুষের জীবন যাত্রার মান উন্নত হয় এবং মানুষ অন্তর থেকে সুখী হয়। শিল্প সংস্কৃতির উন্নতি হয়। মানুষ দীর্ঘজীবী হয় এবং সুস্থ শরীর ও মন নিয়ে দেশের উন্নতিতে মনোনিবেশ করতে পারে।

শিল্পী, সাহিত্য-সঙ্গীত, ভাস্কর্য, স্থাপনের শ্রেষ্ঠ নিদর্শন সৃষ্টি সম্ভব হয়। সমাজের মানুষ সুস্থ নৈতিক চরিত্রের অধিকারী হয়। এ সমস্ত সুলক্ষণের জন্য চাই শান্তি।

পৃথিবী থেকে রক্তের চিহ্ন মুছে ফেলার জন্য যুগ যুগ ধরে যে সকল অবতার মহাপুরুষ আবির্ভূত হয়েছেন—ভগবান বুদ্ধদেব, প্রেমাবতার চৈতন্যদেব, হজরত মহম্মদ, যীশুখৃষ্ট তাঁদের অন্যতম। তাঁদের সাধনা, তাঁদের অমৃতময় বাণী আজও পৃথিবীথেকে রক্তের শেষ চিহ্নটিও মুছে ফেলতে পারলো না। কবিগুরু তাই জীবন সায়াহ্নে উচ্চারণ করলেন—

“নাগিনীরা দিকে দিকে ফেলিতেছে বিষাক্ত নিশ্বাস,
শান্তির ললিত বাণী শুনাইবে ব্যর্থ পরিহাস
বিদায় নিবার আগে তাই ডাক দিয়ে যাই
দানবের সাথে যারা সংগ্রামের তরে
প্রস্তুত হয়েছে ঘরে ঘরে।”

পৃথিবী পৃষ্ঠ থেকে সংগ্রাম কি লুপ্ত হবে না?
আসবে না চিরশান্তি? পৃথিবীতে স্বর্গ নেমে
না-ই আসুক— দুঃখ নেই। কিন্তু পৃথিবী মানুষের
বাসযোগ্য হয়ে উঠুক। শান্তিতে মানুষ বেঁচে
থাকুক নিজের এবং নিজ রাষ্ট্র অহিংসার
অস্ত্র দ্বারা বিকাশ সাধন করুক এটাই আমাদের সম্মিলিত প্রার্থনা। □

“অহিংসাং কেবল ঋষি মুনির জন্যই নয়,
এটি জনতারও, অহিংসাই মানবীয় ধর্ম।”

—মহাত্মা গান্ধী

আধুনিক শিল্পকলার অভ্যুত্থান

৫৩ তিমির বরণ বসু

স্নাতক প্রথম বর্ষ

সমসাময়িক চিত্রকলা বলতে আধুনিক যুগের চিত্রকলাকে বোঝানো যেতে পারে। ‘আধুনিক’ শব্দটির অর্থই হলো সমকালীন চিন্তা। এই চিন্তাই হলো বর্তমানভিত্তিক এবং বর্তমান পরিলক্ষিত হয় অতীত এবং ভবিষ্যতের মাঝে। তাই সময়ের এই তিন ধারার মাঝে বয়ে চলেছে মানব-সভ্যতার সংস্কৃতি।

বিংশ শতাব্দীর সভ্যতা-সংস্কৃতির আমূল পরিবর্তনের দ্বারাই সর্বপ্রথমে ‘আধুনিক’ (Modern) শব্দটির ব্যবহার হয়। বিজ্ঞানের নিত্য নতুন আবিষ্কৃত প্রযুক্তিবিদ্যার দ্বারা সব-কিছুতেই সৃষ্টি হয় আমূল পরিবর্তনের। ধীরে ধীরে শিল্প উদ্যোগের আন্দোলন মানুষের কলা-সংস্কৃতির উপরেও প্রত্যক্ষভাবে প্রভাব ফেলতে শুরু করে।

চিত্রকলা অথবা স্থাপত্য শিল্পচর্চা মানুষের আদিম প্রবৃত্তি। লিপির আবিষ্কারেরও পূর্বে আদিম মানব চিত্রের সাহায্যেই মনের ভাব প্রকাশ করত। তার জ্বলন্ত উদাহরণই হলো অজস্তা, ইলোরার মত গুহাচিত্র (cave-painting)। ধীরে ধীরে মানুষের স্বভাব ও সংস্কৃতির পরিবর্তনের ফলে এই চিত্রকলা নৈসর্গিকতার রূপ নেয়। যেমন—রাজপুত চিত্রকলা, মোগল চিত্রকলা। কিন্তু আধুনিক চিত্রকলায় বাস্তবিকতার প্রকাশ করা হয়। যেমন—মোনালিসা, দি স্ট্রীমিং প্রভৃতি।

প্রাচীন চিত্রকলার অধিকতর চিত্রের বিষয়বস্তু ছিল স্বভাবজাত বা বাস্তবিক (naturalistic or realistic)। এইক্ষেত্রে ইউরোপের চিত্রকলার উল্লেখ না করলে হয় না। কিন্তু কেমেরার আবিষ্কারের সাথে সাথেই দৃশ্যপট সম্বন্ধে মানুষের মধ্যে এক নতুন অভিজ্ঞতার জন্ম হয়। বিভিন্ন ঘটনা-প্রবাহ, বিশ্বযুদ্ধের বিভিন্নিকা চিত্রকলার রূপ সম্পূর্ণই পরিবর্তন করে ফলে চিত্রকলার যথার্থ ভাব (naturality) বা মননশীলতার (psychology) সৃষ্টি হয়। শুধুমাত্র চিত্রকলাতেই নয় সাহিত্যেও মননশীল চিন্তা-চর্চা সৃষ্টি সাধারণ মানুষের চিন্তাকর্ষণ করতে সমর্থ হয়।

আধুনিক চিত্রকলার মুখ্য উপাদান আঙ্গিক (form), বর্ণ বা রং (colour) অথবা চিহ্ন (symbol)। এর দ্বারাই আধুনিক চিত্র সরলীকরণে (simplification) সকলের গ্রহণযোগ্য হয়। বিমূর্তকলার (abstract art) সৃষ্টির পর থেকেই শিল্পীরা মূর্ত অবয়ব (real) থেকে দূরে সরে গিয়েছিল। কিন্তু তাঁরা যে মূর্ত অবয়বের বিষয়ে অজ্ঞাত ছিলেন তা নয়। আসলে কোন কলাই মূর্ত নয়। কলা হ'ল দার্শনিক চিন্তা এবং মানুষের বৌদ্ধিক চেতনার সফল রূপায়ণ। সুন্দরের প্রতি আকৃষ্ট হওয়াই মানুষের প্রকৃতি এবং বৌদ্ধিক চেতনা এর অলংকার।

আধুনিক চিত্রকলার জনক পেলো পিকাসোকে বলা যেতে পারে। তিনি শুধুমাত্র রঙেই সীমাবদ্ধ না থেকে অন্তর্নিহিত অর্থে বেশি জোড় দেন। পিকাসোর এইরূপ নতুনত্বের সৃষ্টির থেকেই আধুনিক চিত্রকলার যুগ আরম্ভ হয়। ধীরে ধীরে এই চিত্রকলা জনপ্রিয় হতে শুরু হয় এবং সমগ্র পৃথিবীতে ছড়িয়ে পড়ে।

ত্রিশের দশকে অসমেও আধুনিক চিত্রকলার প্রভাব পরতে শুরু হয়। শংকরদেবের সময়ে বৈষ্ণব সংস্কৃতি প্রচলিত হওয়া পুথিচিত্রের অস্তিত্ব ধীরে ধীরে লীন হতে শুরু করে। শংকরদেবের রচিত পুথিচিত্র ছাড়াও ১৮৫৫ শতাব্দীতে আহোম স্বর্গদেব শিবসিংহ ও রাণী অম্বিকা দেবীর সৌজন্যে 'সুকুমার বরকাঠ' নামক এক লেখকের লিখিত ও 'দিলবর', 'দোসাই' নামক দুই সুনিপুণ চিত্রকারের অঙ্কিত চিত্র সন্মিলিত 'হস্তিবিদ্যার্ণব' গ্রন্থটি রচিত হয় (Hastibidyarnava)*। জানা গেছে যে মূল গ্রন্থটিতে সর্বমোট ১৯৬টি চিত্র ছিল। কিন্তু আধুনিক চিত্রকলার অভ্যুত্থানের পর থেকে এগুলোর মূল্য মানব হৃদয় থেকে ধীরে ধীরে মুছে যায়।

ভারতের আধুনিক বার্তাবাহী শিল্পীদের মধ্যে রবীন্দ্রনাথ, অমৃত শ্বেতগীল, মুক্তানাথ বরদলৈ, জগৎ সিং প্রভৃতি চিত্রকারের নাম উল্লেখযোগ্য। চতুর্থ দশকে আত্মপ্রকাশ করা অসমীয়া চিত্রকার যেমন শোভাভ্রম্মা, হেমন্ত মিশ্র প্রভৃতির অসমীয়া চিত্রকলায় আধুনিকতার মূর্তমান রূপ প্রতিষ্ঠিত করতে সক্ষম হন। আসামের চিত্রকলার কথা বলতে গেলে নীলপবন বরুয়ার কথা না বললে চলে না। তিনিই অসমকে নিজ চিত্র-শিল্পের বলিষ্ঠতায় একটি গুরুত্বপূর্ণ স্থান দিতে সক্ষম হন।

* পুস্তকটি পৃথিবীর সর্বপ্রথম সর্ববৃহৎ চিত্র সন্মিলিত গ্রন্থ।

শিল্পীর শিল্পের প্রতি থাকা অদম্য স্পৃহা এবং ভক্তিভাবের এক জ্বলন্ত নিদর্শন ভারতীয় আদিম চিত্র-ভাস্কর্য যা আজও সকলেরই জন্য গুরুত্বপূর্ণ। একইভাবে পাশ্চাত্য চিত্রকলার প্রতিও মানুষ সমানভাবে আকর্ষিত হয়।

আধুনিক চিত্রকলার অন্যতম রূপটি হলো পোর্ট্রেট ড্রইং (portrait drawing) অর্থাৎ কোন মানব প্রতিকৃতির ছব্ব রূপাঙ্কন করা। কিন্তু কেমেরা আবিষ্কারের পর থেকে এই শিল্প সামান্য আঘাতপ্রাপ্ত হয়েছে। কেমেরার সাহায্যে ফটো তোলাটা শুধুমাত্র ব্যবসাই নয়, এরদ্বারা শিল্পীসুলভ প্রকৃতিরও পরিচয় পাওয়া যায়। এই শিল্প বর্তমান কলাজগতে একটি অন্যতম স্থান দখল করে রেখেছে। কিন্তু এই শিল্প মানব মনের প্রকৃত প্রতিচ্ছবি তুলে ধরতে সক্ষম হয়েছে। সৃজনীমূলক চিত্র-ভাস্কর্য অথবা কারু-শিল্পের প্রদর্শনের অপর একটি উপায় হলো কলাপ্রদর্শনী (Art Exhibition)। শিল্পকলার মূল্যায়ন ও আনন্দ নির্ভর করে আবেগের উপলব্ধির উপরে। বর্তমান যুগের এমন উপলব্ধি লাভের অন্যতম উপায়ই হলো কলাবিথিকা (Art Gallery)।

বর্তমান যুগে বিজ্ঞানের অভ্যুত্থানে মানুষ উন্নতির চরম শিখরে পৌঁছেছে ঠিকই। কিন্তু মানুষ হয়ে নয়, যন্ত্রচালিত মানব (Robot) রূপে যার কাছে সময় নেই, সৃজনমূলক শক্তি নেই। তাই মানুষ নিজ প্রাচীন সভ্যতা-সংস্কৃতি থেকে ক্রমশঃ দূরেই সরে চলেছে। কিন্তু এটা সর্বদাই মনে রাখা উচিত যে নিজ সংস্কৃতিকে এড়িয়ে কখনও প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। তাই বিজ্ঞানের প্রযুক্তির সাথে সাথে আজ আমাদের শিল্পকলার উন্নতির কথাও ভাবতে হবে। তাহলেই মানুষের প্রকৃত উন্নয়ন সম্ভবপর হবে। □

বীরবলের চাতুর্য

শ্রী রিন্টু দাস

উচ্চতর মাধ্যমিক দ্বিতীয় বর্ষ

একদিন সম্রাট আকবর ও মহামন্ত্রী বীরবল রাজসভায় বসে ধর্মগ্রন্থের বিষয়ে আলোচনা করছিলেন। সম্রাট আকবর বললেন, “এটা কি সত্যি? তোমাদের গ্রন্থে লেখা আছে যে ভগবান শ্রীকৃষ্ণের করুণাপূর্ণ ডাক শুনে তাঁর ভক্ত রাজা বৎসল নিজের সেনা-সৈনিক, দাস-দাসী ত্যাগ করে চলেছে। রাজা বৎসলের তো অনেক দাস-দাসী, গাড়ী-ঘোড়া ছিল, কিন্তু সে নিজের সঙ্গে কাউকে নেয় নাই কেন?” বীরবল সেই মুহূর্তে উত্তর দিতে না পেয়ে বলল, “মহারাজ সময় আসলে আমি এই প্রশ্নের উত্তর আপনাকে দেবো।”

কিছুদিন হয়ে গেল, সম্রাট তার নাতিকে নিয়ে রাজসভার বারান্দায় খেলা করছিলেন। সম্রাট আকবর তার নাতিকে খুব ভালোবাসেন। এই দেখে বীরবল সেই আগের প্রশ্নের সমাধান পেলো। পরদিন দাসীকে যখন মহারাজ বললেন যে তার নাতিকে আনতে, তখন বীরবল সুযোগ বুঝে দাসীকে বলল, “তুমি নাতিকে যখন মহারাজের কাছে নিয়ে যাবে তখন তুমি এই মোমের পুতুলটি নাতির বদলে মহারাজের কাছে নিয়ে যাবে, আর নিয়ে যাওয়ার সময় তুমি বারান্দার পাশের সরোবরের জলে পরার অভিনয় করবে, কিন্তু তুমি যেন জলে না পরো শুধু এই পুতুলটা যেন পরে। যদি তুমি এমন করে দেখাও তবে অনেক পুরস্কার পাবে, কিন্তু যদি না করো তবে মহারাজকে বলে কাজ থেকে বরখাস্ত করে দেবো।”

দাসী কোনো উপায় না পেয়ে মহামন্ত্রীর উপদেশ মানলো। যখন দাসী মোমের পুতুলটি নিয়ে আসতে লাগল তখন সে জলে পরার অভিনয় দেখালো, পুতুলটি জলে পরল। সম্রাট এই দেখে আচম্বিত হয়ে গেলেন, কাউকে সঙ্গে না নিয়ে কুমারকে বাঁচানোর জন্য জলে ঝাঁপ দিলেন। কিন্তু একটি মোমের পুতল পেয়ে সম্রাট আকবর অনেক রেগে গেলেন, দাসীকে অনেক মন্দ কথা বললেন। বীরবল পাশেই দাঁড়িয়েছিল, বীরবলকে দেখে সম্রাট বুঝতে পারলেন যে এটা তারই কাজ। তখন বীরবল বলল, “মহারাজ, আপনি যখন জলে ঝাঁপ দিলেন

তখন কাউকে নিলেন না কেন? সবাইকে ছেড়ে গেলেন কেন? আপনার জে অনেক দাস-দাসী আছে।” সম্রাট আকবর তখন বুঝতে পারলেন যে বীরবল তার সেই প্রশ্নের উত্তর দিল। বীরবল বলল, “ভগবান শ্রীকৃষ্ণ তাঁর ভক্তগণকে খুব ভালোবাসেন, ভক্তগণও তার গুরুকে অনেক ভালোবাসে। তাই যখন ভগবান শ্রীকৃষ্ণ তাঁর ভক্তগণকে করুণাপূর্ণ স্বরে ডাকেন তখন তাঁর ভক্তগণ যেখানেই থাকুক না কেন গুরুদেবের কাছে চলে আসে। রাজা বৎসলও ভগবান শ্রীকৃষ্ণের একজন ভক্ত। রাজাও ভগবানের স্বর শুনে নিজের সবকিছু ভুলে গিয়ে, সবাইকে ছেড়ে ভগবান শ্রীকৃষ্ণের নিকট চলে আসে।” সম্রাট আকবর লজ্জিত বোধ করলেন, এই শুনে সম্রাট দাসীকে দণ্ডমুক্ত করলেন। বীরবলের এই চাতুর্য দেখে সম্রাট আকবর তার ওপর গর্ববোধ করলেন। □

বকের বোকামি

শ্রী টিনকু রয়

উচ্চতর মাধ্যমিক ১ম বর্ষ

এক ছিল বক। সে বাস করত জলের ধারে। প্রত্যেক দিন সে কাঁকড়ার বাচ্চা গুলোকে খেয়ে ফেলত। তার জীবন সুখে, আনন্দে কাটছিল।

সেইখানেই একটি বটগাছের তলায় একটি গর্তে একটি সাপ বাস করত। সেই সাপের জন্য বক তাঁর বাচ্চাগুলোকে লুকিয়ে রাখতে পারত না। সাপ বকের বাচ্চাগুলোকে মেরে খেয়ে ফেলত।

এক দিন বক মনের দুঃখ নিয়ে সেই পথ দিয়ে যাচ্ছিল তখন কাঁকড়ার সাথে তার সাক্ষাৎ হয়। কাঁকড়া তাকে জিজ্ঞাসা করল—কি হ'ল? তোমার চেহরায় এত দুঃখ কেন প্রকাশ হচ্ছে। তখন বক কাঁকড়াকে সমস্ত কথা ব্যক্ত করল। তখন কাঁকড়া মনে মনে বলতে লাগল যে ঠিক হয়েছে। অনের বাচ্চাকে খেতে অনেক মজা, এখন নিজের বেলায় বোঝ। বক কাঁকড়াকে বলল, “কাঁকড়া একটা বুদ্ধি দাও কি ভাবে বাচ্চাগুলোকে সেই সাপের মুখ থেকে বাঁচানো যায়।” তখন কাঁকড়া ভাবল যে এখনই সময় বককে মজা দেখানোর।

কাঁকড়া বককে বুদ্ধি দিলে যে এইখানে একটি গর্তে একটি বেজি আছে। কিছু মাছ জলের থেকে তুলে সেই সাপের গর্তের চারিদিকে ছড়িয়ে দাও। তারপর বেজি সেই মাছগুলো খাবার লোভে সেই গর্তের পাশে যাবে এবং মাছগুলোর সাথে সাথে সাপকে ও মেরে ফেলবে তারপর বক তোমার সব দুঃখ দূর হয়ে যাবে। বেজিতো সাপের যমদূত।

বক কাঁকড়ার বুদ্ধিমতে সেই সব করল। শেষপর্যন্ত দেখা গেল যে বেজি সাপকে তো মেরে ফেলেছে সঙ্গে সঙ্গে বকের বাচ্চাগুলোকে খেয়ে ফেলেছে।

এই গল্পের থেকে এটাই বোঝা গেল যে পরের কথা শুনে কাজ করলে নিজেরই বিনাশ ঘটে।□

জীবন দান

কৌস্তভ দাসগুপ্ত

উচ্চতর মাধ্যমিক ২য় বর্ষ

সেদিন আমি, তমালদা, সঞ্জয়, নেহা ও প্রিয়াঙ্কা, আমরা পাঁচ, Art School এ গিয়েছিলাম। প্রত্যেকেই বসে বসে নানা ধরনের ছবি আঁকছি, আবার হাসি ঠাট্টাও করছি। এমন সময়, বাইরে থেকে যাসের উপরে কিছু এটা ওপৰ থেকে পরার শব্দ পেলাম। আমরা বাইরে এসে দেখলাম যে একটা ছোট্ট টীয়া পাখীর বাচ্চা গাছের ডাল থেকে মাটিতে পরেছে। এতওপর থেকে পরার ফলে পাখীটি ব্যাথায় ছটফট করছিল। সাথে সাদে তমালদা বাচ্চাটিকে উঠিয়ে নিয়ে আসলো এবং বেঞ্চের উপর রেখে অল্প অল্প করে জল খাওয়ালো।

জলখেয়ে পাখীটি অল্প সুস্থ অনুভব করলো। আমরা সবাই আঁকা ছেড়ে পাখীটি কি করছে তা দেখতে বসে পরলাম। গাছথেকে পারে যাওয়ার ফলে পাখীটি বাম পায়ে ব্যাথা পেয়েছিল তাই সে দাঁড়াতে পারছিল না। আমি ও নেহা পাখীটিকে আবার একটু জল খাওয়ালাম। জল খেয়ে পাখীটা আরো সুস্থ হতে লাগলো। পাখীর ছানাটি পাখা ফর-ফর করলো, এমন কি জলের বাটি থেকে নিজে নিজে মুখ দিয়ে জল খেতে আরম্ভ করলো। পাখীটি একবার আমার দিকে তার গোল গোল চোখ দুটো দিয়ে তাকায় আবার মুখটি ঘুরিয়ে বসে। পাখীটা ধীরে ধীরে হাটাচলাও করতেও পারছিল। ওর মুখের সামনে আঙ্গুল ধরলে আঙ্গুল ধরতে আসে। পাখীটিকে এভাবে সুস্থ হতে দেখে আমরা খুব খুশীহলাম। এমন সময় পাখীটা হাঁটতে হাঁটতে বেঞ্চ থেকে মাটিতে পরে গেল। এভাবে পরে যাওয়ার ফলে ও আরো অসুস্থ হয়ে গেল। ও মাটিতে পরে টফট করছিল। দেখেমনে হচ্ছিল সে আর ব্যাথা সহ্য করতে পারছেন। পাখীটাকে এভাবে কষ্টপেতে দেখে আমার খুব খারাপ লাগলো। আমি তখন তামাল দাকে বললাম— চল দাদা তোমার তো মোটর সাইকেল আছে পাখীটাকে পশু চিকিৎসালয়ে নিয়ে যাই, সেখানের ডাক্তারেরা ঔষধ-পত্র দিয়ে পাখীটাকে সুস্থকরে তুলতে পারে। তামালদা আমার কথায় সঙ্গে সঙ্গে রাজি হয়ে গেল।

তার পর আমরা দুজন পাখীটিকে নিয়ে রওয়ানা হলাম। পাখীটাকে আমিই হাতে নিয়ে বসেছিলাম। পথে পাখীটির অবস্থা আরো খারাপ হতে

লাগলো, ওর পা দুটো কাঁপছিল। এমনকি পায়ের Joint থেকে একটু রক্ত বের হচ্ছিলো। আমরা প্রায় আধাঘণ্টার মধ্যেই ডাক্তারখানায় পৌঁছিয়ে গেলাম। সেখানের ডাক্তরে বললেন যে আর একটু দেরি হলেই পাখীটিতো। মরে যেতো। ডাক্তার বললেন যে পায়ের ও ব্যাথা পেয়েইছিল সাথে খালি পেটে থাকার জন্য ওর শরীর আরো খারাপ হয়ে যায়। তাই ডাক্তরে ওকে একটা ইঞ্জেক্সন দিলেন এবং পায়ের ব্যাথাটিক বেঞ্জেন বেঞ্জ দিলেন। ডাক্তার বাবু আমাদের অনেক প্রশংসা করলেন।

পাখীটা যদি না বাঁচতো তাহলে আমার খুবই কষ্ট হত। অপর দিকে পাখীটাকে বাঁচাতে পেরে আমার আনন্দ হয়েছিল তা আমি লিখে বা বোলে বুঝাতে পারবো না। এমন সৌভাগ্য কজনেরই বা হয়।□

বন্ধুত্বের মূল্য

শ্রী মণিষা দত্ত

উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষ

রিহাপাড়া নামে একটি গ্রাম ছিল। সেখানে একজন ধনী, নামজাদা জমিদার ছিলেন। তার নাম ছিল মিঠুন দেবসিং। সেসময় জমিদারদের অভ্যাস ছিল বনে বনে শিকার করতে যাওয়া। তাই অনেক দিন ধরে শিকারে না যাওয়ায় তিনি ভাবলেন যে আজ শিকারে যাবেন। তাই তিনি তার কয়েকজন বন্ধুকে নিয়ে বনে চলে গেলেন। কিন্তু সেখানে তারা একটিও জন্তু শিকার করতে পারলেন না। তখন দুপুর হয়ে যাওয়ায় তার সঙ্গীরা নিরাশ হয়ে বলল চল আজ চলে যাই; আজ শিকার আর পাওয়া যাবেনা। কিন্তু জমিদার মিঠুন ছিলেন খুবই অভিমানী। ঘরে খালি হাতে যাবেন না। তাই তিনি রেগে বললেন তোমরা চলে যাও, আমি এখন যাবনা। তখন তার সঙ্গীরা চলে গেল। সে শিকারের সন্ধান করতে করতে খুব গভীর বনে চলে যেতে লাগলেন। তখন সূর্য অস্ত যাচ্ছিল। তাই তিনি এখন কি করবেন এই চিন্তা করছিলেন। হঠাৎ তিনি দেখতে পেলেন যে, একটি বানর তার দিকে ছুটে আসছে। তিনি একটু ঘাবড়ে গেলেন। তখন বানরটি জমিদার মিঠুনের সামনে এসে বলল তুমি কে এবং এই গভীর জঙ্গলে কি করছ? এখন অন্ধকার হয়ে আসবে, তোমার ঘরে যাওয়া উচিত। নইলে নানা ধরনের হিংস্র জন্তুদের আহার হবে তুমি। বানরের কথা শুনে জমিদার অবাক হয়ে গেলেন এবং ভাবতে লাগলেন, বানর কি কখনও কথা বলতে পারে? বানর তখন বলল ভাবার কিছু নেই। তোমার মনে কি চলছে আমি তা ভালকরে জানি। চিন্তা করার বা ভয় পাওয়ার কিছু নেই। আমাকে তুমি তোমার বন্ধু ভাবতে পার। তখন জমিদার নিজের পরিচয় দিলেন এবং কি উদ্দেশ্যে সে এখানে এসেছে এটাও বললেন। তারপর বানর বলল আমাদের এখন কোনো গাছের উপর আশ্রয় নেওয়া উচিত। কারণ একটি বাঘ যখন তখনই এখানে এসে উপস্থিত হতে পারে। সে খুবই ক্ষুধার্ত। আমাকে আহার বানানোর সিদ্ধান্ত নিয়েছে সে। কিন্তু এখন আমাকে না পেলে সে তোমাকে তার আহার বানাবে। তাই আমরা ওই বটগাছের উপর আশ্রয় নিই

চল। তখন রাত হয়ে গেছে সেইজন্য তারা তাড়া তাড়ি করে গাছের উপর বসে রইল।

সেদিন ছিল পূর্ণিমা রাত্র তাই সেই গভীর বনে কে কোথায় আছে সেটা ভাল করেই দেখা যাচ্ছিল। হঠাৎ বাঘটি খুঁজতে খুঁজতে সেই বটগাছের সামনে এসে দাঁড়ালো এবং দেখল যে একজন মানুষ ঘুমিয়ে আছে এবং সঙ্গে বানরটি বসে আছে। বাঘটি কিছু বুঝতে না পেরে বানরটিকে বলল সে ঘুমিয়ে আছে এবং তুমি সেখানে বসে আছ কারণ কি? বানরটি বলল সে জমিদার এবং এখন আমার বন্ধু। আধারাত আমি জাগবো ও সে ঘুমাবে এবং বাকী আধারাত আমি ঘুমাবো ও সে জাগবে। বাঘটি তখন ভাবলো এই সুযোগের সুবিধা নেওয়া উচিত। তাই বাঘটি বানরটিকে গিয়ে বলল আজ আমি খুবই ক্ষুধার্ত। তুমি তোমার ওই বন্ধুকে নীচে ফেলে দাও। আমি তাকে খেয়ে চলে যাবো ও তুমিও তোমার ঘরে চলে যেতে পারবে, কিন্তু বানরটি বলল না আমি এরকম করতে পারবোনা। আমি বন্ধুত্ব করেছি, তাই আমি তাকে কি করে মৃত্যুর মুখে ফেলবো। বানরটি না করে দেওয়ায় বাঘটি চুপ করে সেখানেই বসে রইল, আধারাত হওয়ার অপেক্ষায়। কিছু সময় পর সেই সময়টা এসে পড়ল এবং তখন বানর ঘুমানো এবং জমিদার জাগলেন। এইদেখে বাঘটি কিছু সময় পর জমিদারের কাছে গিয়ে বলল বানরটিকে তুমি নীচে ফেলে দাও তাকে খেয়ে আমি চলে যাবো এবং তুমিও নিশ্চিত মনে ঘরে ফিরে যেতে পারবে। জমিদার কিছু সময় ভেবে বললেন ঠিক আছে, আমি বানরটিকে নীচে ফেলে দিব এবং তোমাকেও খেয়ে চলে যেতে হবে। এই বলে জমিদার বানরকে ধাক্কা দিবে ঠিক সেই সময় বানরটি ঘুম থেকে উঠে বসল এবং বলল আমি তো ঘুমের ভান করছিলাম। আমি তোমাদের সব কথাই শুনেছি। বন্ধুত্বের তুমি এই মূল্য দিলে। বাঘতো এরকম কথা আমাকেও বলেছিল। কিন্তু আমি তো বন্ধুত্বের মর্যাদা রক্ষা করেছি কিন্তু তুমি এত সহজেই রাজী হয়ে গেলে তার কথায়। জমিদার মিঠুন বুঝতে পারলো যে সে কি ভুল করেছে এবং সে লজ্জায় মাথা নত করে থাকলো। তিনি একজন ধনী, জমিদার, প্রসিদ্ধ ব্যক্তি হয়েও উদারতা ও বিচক্ষণতায় হেরে গেলেন। □

এক রাত্রির স্বপ্ন

শ্রী সুমিত স্যান্যাল

উচ্চতর মাধ্যমিক ১ম বর্ষ

আগামী কাল রবিবার এই মনে করে, শনিবারে অন্যান্য দিনের তুলনায় কম পড়াশুনা করে একটু তাড়াতাড়ি শুতে চলে যায় 'সানু'। সানু বাঙলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণীর ছাত্র। সানুর একটি ছোট বোন আছে। তার নাম সোনাই। সে বাঙলা উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রী।

রবিবার সকালে মুখ থেকে উঠে বেশ একটু অবাকই হয়ে যায় সানু। সত্যিই সকালটা যেন কেমন অবাক করা। ঘড়ির দিকে তাকিয়ে দেখে সকাল সাতটা বাজে। যাই-হোক কোন মতে চোখ রগড়াতে রগড়াতে ব্রাশ হাতে মাত্র বারান্দায় এসে দাঁড়িয়েছে, এমন সময় সোনাই এসে বলল, “দাদা, জানিস, দইদাদুর না একটা গ্যা বড় লেজ গজিয়েছে। সবাই বলছে ওটা নাকি আগে থেকেই ছিল। সানু বলল তা কি করে সম্ভব, এই রকমতো আগে কখনও শুনিনি। সোনাই বলল কিজানি হতেও পারে। এমনিতেতো উনি ঘরের বাইরে বেরোতেন না।

সানু জিজ্ঞাসা করল, “তোকে কে বলল?”

— ওইতো ওদের বাসায় থাকে যে রাজু দাদা। ওই বলল। রাজু দাদাকেতো খুব চিন্তিত দেখাচ্ছিল।

— কেনো?

কিছুটা বোকার মতনই প্রশ্নটা করে বসল সে।

সোনাই বলল— কেন হবে না? রাজুদার দাদুতো সেই সকাল থেকে পেয়ারা গাছে উঠে বসে রয়েছেন।

সানু বলল— সে কী? চলতো একবার গিয়ে দেখে আসি।

— সে কী? আমারতো ভয় করছে। আ-আমি যাবনা।

— আরে চল। কিছু হবে না। “আমি আছি না।”

সোনু ও সোনাই গিয়ে যা দেখলো তাতেতো দুজনেই অবাক।

দেখলো সত্যিই দইদাদু পেয়ারা গাছে উঠে বসে পা দুলাচ্ছেন আর তার বিশাল লেজ দিয়ে দোল খাচ্ছেন।

পাড়ার অন্যান্য ছেলেরাও তা দেখে যেমন আনন্দ পাচ্ছে ঠিক সেইরকম চৌচামেচি করছে। এরই মধ্যে পঁচা নামে একটি ছেলে দইদাদু ওরফে বর্তমান রামভক্ত হনুমান গুণপ্রাপ্ত দাদুকে কলা দেখিয়ে বলল, “এই হনু কলা খাবি?” বলার সঙ্গে দইদাদু একলাফে পঁচাকে ধাক্কা মেরে ফেলে দিয়ে হাতে করে কলা নিয়ে আবার গাছের মগডালে চড়ে বসল।

কিন্তু আসল গণ্ডোগোল বাঁধাল সানু। কি মনে হতে সে একটা মাঝারি সাইজের পাথর কুড়িয়ে সেই হনুগুণপ্রাপ্ত দাদুর দিকে ছুঁড়ে দিল। আর এতেই যত ঝামেলা বাঁধল। দাদুতো একেবারে রেগে আশুন। বলল—“দাঁড়া সানু তুই বড্ড বদ-মাইশ হয়েছিস। তোকে তো নিয়ে আমি এই গাছের কোটরে পুরবো।” এই শুনেতো সানু ভয়ে শুকিয়ে কাঠ হয়ে গেল। আর পাশে তাকিয়ে দেখে তার বোন নেই, মানে দাদার ওই কীর্তি দেখে যে ভয়ে নিশ্চয়ই মাকে খবর দিতে গেছে।

এই অবস্থায় সানুরও কান্না পেয়ে গেলো। সে ভাবতে লাগল কোন কুম্ভণে যে সে পাথর ছুঁড়তে গিয়েছিল।

এখন কি করা যায়, ভাবতে লাগল সানু। এমন সময় দেখে যে তার দাদু তাকে ধরতে মাত্র গাছ থেকে নেমেছে। সে ছুটতে চেষ্টা করল, কিন্তু পারল না।

সুতরাং সে হনু দাদুর কাছে ধরা পড়ে গেল। সে ভাবল দাদু হয়ত এফুনি তাকে গাছের কোটরে পুড়ে দেবে। সে হয়ত আর তার বাবা-মা ও বোনকে দেখতে পারবে না।

এরই মধ্যে কে যেন বলে উঠল—“মরণ, ঘুম থেকে ওঠ, বেলা নয়টা পর্যন্ত ঘুমাচ্ছিস। স্কুল যাবিনা? এই সানু, ওঠ।” সে চোখ খুলে দেখল তার মা পাশে দাঁড়িয়ে, আর বোন স্কুল যাবার জন্য তৈরি।

সানু বলল—“আজতো রবিবার, আজতো স্কুল বন্ধ মা।”

তার মা বলল—“কেনো রবিবার আজকাল একদিন আগে থেকে আসে নাকি?” □

কেউ ভুলে না

শ্রী দিবাকর দে

উচ্চতর মাধ্যমিক ১ম বর্ষ

প্রথম সিগারেট খাওয়া
প্রথম প্রেমে পালিয়ে,
সিনেমায় যাওয়া,
কেউ ভুলে না, শুধু ভুলার ভানটি করে
প্রথম পাওয়া গোপন চিঠি
কেউ কি ভুলতে পারে?
প্রথম হিরো কাটিং
চুলের স্টাইল,
এলো চুলের সাহায্যে
প্রেমেয় স্মাইল।
সাইকেলে দল বেঁধে দাপিয়ে বেড়ানো
স্টেডিয়ামে চিৎকার ময়দান কঁপালো।
কেউ ভুলে না
প্রথম হাতে পাওয়া মাস মাইনে
বিয়ের প্রথম রাতে বউ সামনে
প্রথম কোলে নেওয়া
নিজেরিই সে সন্তান,
আধো মুখে বাবা ডাক
শুনে মন আন কান
কেউ ভুলে না।
কিন্তু যাওয়া পৃথিবী ছেড়ে
কেউকি ভুলতে পারে।



সুনামি

প্রাণকৃষ্ণ দাস
স্নাতক ২য় বর্ষ

শুধুই জল— জল আর জল
শুধুই ঢেউ ঢেউ আর ঢেউ
চিৎকার চেঁচামেচি আর আর্তনাদ
শুধু বাঁচাও বাঁচাও আর বাঁচাও
শুধু দৌড়াও দৌড়াও আর দৌড়াও
কাঁপছে ভূমি কাঁপছে জল আর কাঁপছে জীবন
ভেসে গেছে, ভেসে গেছে আর ভেসে গেছে
নামী-দামী আর অনামী
সুনামি-সুনামি আর সুনামি
আর এসো না—
তুমি! তুমি! আঃ তুমি!!
তোমার দুটি পায়ে পড়ি
আমি আমি সত্যিই আমি।

□□□

করুণা

সান্ত্বনা বিশ্বাস

উচ্চতর মাধ্যমিক ১ম বর্ষ

ভগবান তুমি সবার সেবা, সর্বশক্তিমান
তুমি ছাড়া এ জগতে কে আছে মহান,
তোমার করুণা অপার
সুখে দুঃখে আছ মোদের মাঝার।
আলোদিয়ে, বায়ুদিয়ে বাঁচিয়েছ প্রাণ
ফল, ফুল লতা, পাতা সবই তোমার দান।
এ জগৎ মাঝে আছে অসহায় যারা
স্নেহে মুছেছ তুমি তাদের অশ্রুধারা।
মোদের মুক্তির পথ দাও করে ঠিক
তোমার করুণা থেকে যেন না হই বঞ্চিত।

□□□

বৃষ্টি

শ্রী সুদীপ দে

উচ্চতর মাধ্যমিক ১ম বর্ষ

কি সুন্দর বৃষ্টি।

প্রশস্ত এবং ধূলিময় পথে,

অল্প পরিসর গলিতে নেমে আসে,

কি সুন্দর বৃষ্টি।।

কেমন ঠনঠন শব্দ, বরাবর ছাদে;

যেমন ঘোড়ার পায়ের শব্দের মত

পদচালিত হচ্ছে।

ফটকার মত বেড়িয়ে আসবার চেষ্টা করছে;

জানালার পাত দিয়ে আড়া আড়িভাবে,

অবিরত ধারায় জল পড়েই চলেছে

দ্রুত গতি ও চওড়াভাবে,

সঙ্গে পাঁকে ভরা জোয়ার-ভাঁটা;

গর্জনের সহিত ছাদের নলী দিয়ে

জল নদীর মত পড়েই যাচ্ছে।

বৃষ্টি, স্বাগতম বৃষ্টি।



তারা

টিনকু রয়

উচ্চতর মাধ্যমিক ১ম বর্ষ

রাত্রির আকাশে ঝিকিঝিকি
রূপালী তারা
তাকে দেখে সোনামনির মন হয়
আনন্দে ভরা
মার কোলে বসে সোনা
তারাগুলো দেখে
স্বপ্নের রাজ্যতে কত ছঁবি আঁকে।।

□□□

নারী কি নরকের দ্বার?

শ্রী সংহিতা দেবনাথ
স্নাতক ১ম বর্ষ

সবাই বলিছে নারী প্রলোভন,
নারী নরকের দ্বার,
নারীই এনেছে যত যন্ত্রনা,
সংসারে ছারখার;
নারীই শুষিছে নরের রক্ত
নারীই হরিছে আয়ু
চর্বন করে অস্থি মাংস,
কর্তিত ক'রে স্নায়ু,
নারী রাক্ষসী, রক্ত—পিপাসু
পিশাচী, সর্বনাশী,
মৃত্যুর শ্বাস বহিছে নিয়ত
নারীর বক্র হাসি।
আমার দৃষ্টি দেখিছে তাহারে
অপর দৃষ্টি দিয়া।
আমি যেন দেখি জগজ্জননী
গেছে তারে পরশিয়া,
তার চোখে মোর জননীর চোখ।
তার মুখে মোর জননীর মুখ,
তার বুকো মোর জননীর বুক
স্তন্য পীযুষ নিয়া
ভক্তি-বিভোর করিছে আমার
স্নেহ নন্দিত হিয়া।
চোখের দৃষ্টি আমার মতন
তোমারো হোকে না আজ,
রমনী জননী, নহে নারকিনী,
কহিতে কি আছে লাজ? □

(১)

শরৎকাল

কংকণা আচার্য

উচ্চতর মাধ্যমিক ২য় বর্ষ

এসেছে শরৎকাল নূতন করে সেজে।
সবার মন যেন আনন্দে ভরে গেছে।
নূতন করে নূতন সাজে প্রকৃতি সাজছে।
নীল আকাশে সাদা মেঘ ঘুরে বেড়াচ্ছে।
চারদিকে কাঁশফুলের মেলা বসেছে।
শিউলি ফুলের গন্ধে যেন চারদিক মেতেছে।
নূতন জামা, জুতো কেনার ধুম পরেছে।
পাড়ায় পাড়াম নূতন করে মগুপ সাজছে।
কয়দিন পর মা আসবেন আমাদের পৃথিবীতে।
সেই ভেবে সবাই তৈরী হচ্ছে মনের খুশীতে।□

(২)

গোলাপ

লাল হয়, নীল হয়, সাদাও হয় সে
নামটি তার গোলাপ ফুল সবাই ভালবাসে।
গন্ধ তার খুব মিষ্টি দেখতেও মনোরম।
পাঁপড়ি তার খুব মিহি, ধরতে ও নরম।
রূপের যে তার শেষ নাই, গুণেও ভাল।
নিজের গুণের দ্বারাই সে বাগানটা করে আলো।
ফুলের রাণী বলেই যে সবাই তাকে চেনে।
নিজের রূপের দ্বারাই যে সবাইকে সে টানে।□

আমার দেখা দক্ষিণ ভারতের একটি অংশ

কংকণা আচার্য

উচ্চতর মাধ্যমিক ২য় বর্ষ

আমার মাধ্যমিক পরীক্ষার আগে ঠিক হয় যে আমার পরীক্ষা শেষ হওয়ার পর আমরা চেন্নাই যাব। আমাদের প্রথম উদ্দেশ্য ছিল ভেলোরে মার চিকিৎসা করানো আর চিকিৎসার ফাঁকে যতটুকু সময় পাব ততটুকু ঘুরব। ২০০৪ সালের ১৫ ই মার্চ আমার মাধ্যমিক পরীক্ষা শেষ হয় আর ১৯ মার্চ সকাল ৮ টায় আমরা গৌহাটী থেকে কোচিন এক্সপ্রেসে রওয়ানা দেই। আমাদের সঙ্গে করিমগঞ্জ থেকে আশামাসী আর মেসোও গিয়েছিলেন।

প্রায় তিনদিনের ট্রেন যাত্রা শেষ করে আমরা ২১ মার্চ রাত্রি আটটায় ভেলোরে পৌঁছে ই। ট্রেনে আমি জানলা দিয়ে বাইরের দৃশ্য দেখেই সময় কাটাই, আসাম, পশ্চিমবঙ্গ, উড়িষ্যা, অন্ধ্রপ্রদেশ পার হয়ে তারপর তামিল নাড়ুতে ঢুকি। প্রথম দুইদিন এত খারাপ লাগেনি, কিন্তু পরে অসহ্য। ট্রেন থেকে আমরা গোদাবরী, কৃষ্ণা, বৈতরণি ও মহা নদীনদীটাও দেখি। যাই হোক আমরা ভেলোরে পৌঁছে একটা বাঙ্গালী লজ 'নবীন লজে' উঠি। রাত্রের খাওয়াটা লজের নীচে থাকা কলকাতা হোটেলই সারি।

পরের দিনটা মাকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া— আসাতেই যায়। তার পরদিন বিকালে আমরা টিপু সুলতানের দুর্গ দেখতে যাই। এত সুন্দর আর এত সুন্দর কাজ করা। তার দুদিন পর আমরা রঙ্গুগিরি মন্দির দেখতে যাই। এত সুন্দর মন্দির যে বলার মত নয়। যেমন চারদিকের মনোলোভা প্রাকৃতিক দৃশ্য ঠিক তেমনি মন্দিরটা। এত সুন্দর কারুকার্য আর এত পরিষ্কার যে দেখলে চোখ জুড়িয়ে যায়। সন্ধ্যার আরতিটাও অপূর্ব। আরতির সময় যে বাজনা গুলো বাজছিল সবই বিদ্যুতের সাহায্যে। এই মন্দিরে যদি সারাদিনও কাটিয়ে দেওয়া যায় তাহলেও মনে হয় দেখে তৃপ্তি হবেনা।

তার পরদিন আমরা তিরুপতি মন্দিরে যাই। সকাল ৫টার মধ্যে আমরা স্নান করে তৈরী হয়ে যাই। প্রায় ৫টা ৩০ মিনিটে আমরা ট্যান্ডিতে করে রওয়ানা দিই। রাস্তায় একটা ধাবাতে প্রাতঃ রাশ শেষ করা হয়। তার প্রায়

তিনঘণ্টা পর আমরা মন্দিরে পৌঁছাই। মন্দিরটা তিরুমালাপাহাড়ে মাটি থেকে ২২ কিঃ মিঃ ওপরে অবস্থিত। পাহারে ওঠার সময় একটা রাস্তা আর নামার সময় অন্য রাস্তা দিয়ে নামতে হয়। মন্দিরে যাওয়া সত্ত্বেও আমাদের ঠাকুর দর্শন হয়নি। ঠাকুর দর্শন করতে হ'লে রাত ৮ টা পর্যন্ত অপেক্ষা করতে হ'বে ত'ত সম্ভব নয়, তাই আমরা পুরো মন্দিরটা ঘুরে দেখি। মন্দিরের সবগুলো চূড়া নাকি সোনার। মন্দির থেকে আমরা তিরুপতি মিউজিয়ামে যাই। মিউজিয়ামটা খুব সুন্দর। এখানে তিরুপতি মন্দির সম্পর্কিত অনেক জিনিষ আছে। তিরুমালা পাহাড় থেকে নামার সময় ট্যাক্সি চালক হঠাৎ ট্যাক্সি থামিয়ে আমাদের নামতে বলে। আমরা নেমে দেখি রাস্তার পাশে একটা ডিয়ার পার্ক, আমরা পার্কের হরিণ গুলোকে বিস্কুট খাওয়াই এবং আবার গাড়ীতে চড়ে বসি। তারপর বালজি মন্দির দর্শন করে আমরা একটা হোটেলে প্রায় ৪টায় মধ্যাহ্ন ভোজন করি। ভারতের সঙ্গে সব তরকারী দক্ষিণ ভারতীয় ছিল। খেতে খারাপ লাগেনি। তারপর সন্ধ্যা ৭টায় আমরা লজে পৌঁছাই। আরও কয়েকদিন ভেলোরে থেকে ২ এপ্রিল চেন্নাইয়ের উদ্দেশ্যে রওয়ানা দেই। ১০ টায় রওয়ানা দিয়ে প্রায় ২ ঘণ্টা পর আমাদের ট্যাক্সি চেন্নাইয়ে পৌঁছায়। এখানে 'তাজ হোটেল'ে উঠি। ওই দিন বিকালে আমরা সমুদ্র দেখতে যাই। সমুদ্রটা সত্যি এত সুন্দর জিনিষ এত বিশাল, কোন কূল নেই যেন। তারপর অনেকক্ষণ সমুদ্রের টেউয়ের নাচ দেখে হোটেলের ফিরে আসি। পরদিন সকাল ৯ টায় আমরা ট্যাক্সি করে চেন্নাই দেখতে বের হই। মিউজিয়াম, আর্ট গ্যালারি, চিলড্রেন্স পার্ক, স্নেক পার্ক সবই দেখার মত। একটা স্লিক হাউস থেকে কয়েকটা শাড়ীও কেনা হয়। নয় দিনেই বিকালে আমরা সমুদ্র দেখতে যাই। সমুদ্র দেখে অনেক গুলো ঝিনুকের মূর্তি কিনে রাত্রি ৯টায় হোটেলের ফিরি। তারপর দিন সকাল ৯টায় করমণ্ডল এক্সপ্রেসে বসে কলকাতার উদ্দেশ্যে রওয়ানা দিই। ট্রেনে বসে আমি এতদিনের সুন্দর স্মৃতিগুলো রোমন্থন করছিলাম, বিশেষ করে দক্ষিণ ভারতের সুন্দর রাস্তাঘাটের কথা যার সঙ্গে গৌহাটীর রাস্তার আকাশ-পাতাল তফাৎ। □

জঙ্গল অভিযান

শ্রী অমি ভট্টাচার্যী

উচ্চতর মাধ্যমিক ২য় বর্ষ

তোমার যারা বন-জঙ্গল আর শিকারের গল্প ভালবাসে তাদের কাছে এ গল্প বড় উপভোগ্য হ'বে, আমার দৃঢ় বিশ্বাস।

শিকারী হিসাবে তখন আমার ও আমার বন্ধু অমিতের নাম বেশ ছড়িয়ে পড়েছিল, খানিকটা খ্যাতিও লাভ করেছিলাম।

আমাদের গ্রামের সঙ্গে আর পাঁচ-সাতটি গ্রাম ছাড়িয়ে একটি অনুচ্চ পাহাড় আছে। সেই পাহাড়ের পেছনদিকে একটা ঘোর জঙ্গল আছে। অন্য জীব-জন্তুর সহিত এই জঙ্গলটি একটি নরখাদক বাঘের বাসস্থান। মাঝে মাঝেই এই বাঘটা আশে-পাশের গ্রামে এসে বিরক্ত করে দু-চারটে মানুষকে যে সে গ্রাস করে নাই তাও নয়। যত দিন যাচ্ছে সমস্যা বেড়ে যাচ্ছে। যেহেতু আমি কম বয়স থেকেই শহরের হোস্টেলে থেকে পড়াশোনা করেছি, তাই গ্রামের এই সমস্যার বিষয়ে বিশেষ জ্ঞাত ছিলাম না। এইবার গ্রামে এসে এই গুরুতর সমস্যার বিষয়ে ভালভাবে জানতে পারলাম। সকল গ্রামবাসীর অনুরোধে বাঘটির অন্ত করতে রাজীও হয়ে গেলাম। আমি জানি জঙ্গলটি ভয়ঙ্কর, সেখানের জীব-জন্তু আরও ভয়ঙ্কর। কিন্তু এক শিকারীর পক্ষে শিকার সর্বদাই মজার জিনিষ। যত ভয় বাড়ে মজা আরও দ্বিগুণ বাড়ে। সঙ্গে সঙ্গেই ডাক পরল অমিতের। দরকারী জিনিষপত্র নিয়ে সে পরদিনই এসে হাজির। একসপ্তাহে জল-খাবার নিয়ে আমরা রওনা হলাম। গ্রাম থেকে জঙ্গলটি খুব দরে না হ'লেও খুব নিকটেও নয়।

আমরা জঙ্গলে ঢুকতে শুরু করেছি। বড় বড় ঘাসের জন্য খানিকটা দূরের জিনিষও চেখে পরে না। আমরা এগোতে লাগলাম। যেতে যেতে ক'ত বিভিন্ন ও বিচিত্র ধরনের সাপ যে নজরে পড়ল গাছে ঝুলে থাকতে। বনটি বড় বড় গাছ-পালায় ভরা। আরও একটু এগিয়ে দেখি একটি ফাঁকা মতো জায়গা। সেটা হ'ল একটা ঝিল। ঝিলটি দেখে আমরা দুজনেই স্বস্তির নিঃশ্বাস ফেললাম। কারণ পশু-পক্ষীরা তৃষণ মেটাইবার জন্য এধরণের ঝিলেই আসে। তাই সেই

নরখাদক অবশ্যই এই ঝিলে আসবে। তাই তার দর্শন লাভে আমরা বঞ্চিত হ'ব না অবশ্যই।

আমরা বন্দুকে হাত দিয়ে ধীরে ধীরে চলছিলাম ঝিলটার দিকে। হঠাৎ অমিত আমার হাত ধরে থমকে দাঁড়াল। আমিও দাঁড়িয়ে গেলাম। প্রথমে আমি কিছু বুঝতে পারি নি। অমিতের ইশারায় আমি তাকিয়ে একটা অদ্ভুত জীবকে দেখতে পেলাম ঝোপের মধ্যে ভালকরে দেখা যাচ্ছেনা এবং জীবটিকে চেনার সাধ্যও নেই। আমি অনেক বিকট প্রাণীও স্বচক্ষে নিজের গ্রামের ঝোপ-জঙ্গলে দেখেছি। (কিন্তু এধরনের কোন প্রাণী আছে বলে কোনোদিন শুনি নি।)

প্রাণীটা যতদূর দেখা যাচ্ছিল মাটির ওপরে একটা প্রাণীর মাথা, দুটি ডাগর চোখ। আর সেই চোখের ওপরে থেকে একজোড়া শিং ঠিক বারশিঙ্গিয়া হরিণের শিং এর মত। মাথা সঙ্গে শিং জোড়া একটু কেঁপে কেঁপে উঠিছিল।

আমরা চেনা-জানা কোন প্রাণীর সহিত এই অদ্ভুত প্রাণীটির মিল আবিষ্কার করিতে না পারিয়া অবাক হইয়া দাঁড়াইয়া ছিলাম। হঠাৎ আমি পেছন থেকে একটি লেজের আত্মপলন দেখিতে পাইলাম। আমরা সাহস করে অল্প পা বাড়িয়ে যা দেখলাম তাতে দুজনের কেহই হাসি সামলাতে পারলাম না।

ব্যাপারটা হ'ল ঝিলের পাড়ে এক মস্ত অজগর খাপ পেতে বসেছিল। এক হরিনকে পেয়ে গিলতে শুরু করেছে। গিলতে গিলতে মাথার কাছে এসে শিং গুলোতে আটকে গেছে। যতক্ষণ না পেটের বাকী অংশটা হজম হচ্ছে ততক্ষণ মাথাটাকে নিয়ে হাঁ করে বসে থাকা ছাড়া কোন উপায় নেই।

অমিত গুলি চালাতে উপক্রম হ'লে আমি বাধা দিয়ে বললাম যে এ অজগরটার থেকে আগামী কয়েক ঘণ্টা পর্যন্ত আমাদের কোন ভয় নাই। তবে কেন বেচারার উপর গুলী খরচ করা।

প্রায় দুপুর বেলায় দিকে আমরা ঘুরে ঘুরে দেখছি হঠাৎ পশুপক্ষীদের কলরব খুব বিকট ভাবে শোনা তোল। কোন আসন্ন বিপদের কথা কল্পনা করতে করতেই সেখানে বনের রাজার আগমন হ'ল। যার, খোঁজ করতে আমরা এত তটস্থ হয়ে ছিলাম তার দর্শন যে শীঘ্রই পাওয়া যাবে এ কল্পনা আমার বা আমার প্রিয় বন্ধুটির মনে তখন পর্যন্ত আসেনি। আমরা ঝোপের মধ্যে ছিলাম তাই পরক্ষণে আমাদেরকে দেখতে পাওয়া কঠিনই নয় অসম্ভব ছিল। কিন্তু বাতাসে আমাদের রক্তের গন্ধ বনের রাজার নাকে অবশ্যই গেছে। তাই সে ক্রমে আমাদের দিকে অগ্রসর হতে লাগিল। বাঘের নিঃশ্বাসের শব্দ

ক্রমে আমাদের কানে আসিতে লাগিল। এরকম স্থিতির সন্মুখীন হতে হবে বলে ভাবিনি। না হ'লে এতক্ষণে গাছেই চড়ে যেতাম। এখন ঝোপের মধ্যে আটকা পড়ে গেছি। বন্দুক বের করিতে গেলে ঝোপের গাছপালায় যে শব্দ হ'বে তাতে গুলি চালানোর মত অবস্থা আমাদের আর থাকবে না। ততক্ষণে আমরা বাঘের পেটে।

গন্ধ পেয়ে বাঘ তীব্র বেগে আমাদের দিকে এগিয়ে আসতে লাগল। আমরা নিশ্চিত মৃত্যুকে আসতে দেখেও কিছু করবার সুযোগ পাচ্ছিলাম না। বাঘটি প্রায় আমাদের ওপর এসেই পড়ল ভেবে তাকিয়ে দেখি বাঘটি থেমে গেছে। হঠাৎ কিসের খট্ খট্ শব্দ সবের কর্ণগোচর হ'ল। শব্দ অনুসরণ করে তাকিয়ে দেখি এক অদ্ভুত মহিষ দাঁড়াল। তাকে দেখে আমাদের বনের রাজা উড়ে পালালেন। যথা একটা বিপদ গেল এখন আরেকটা বিপদ। মহিষটার জন্য বাঘের থেকে তো রক্ষা পাওয়া গেল এখন মহিষটার থেকে বাঁচাবে কে? কিন্তু আশ্চর্য মহিষটা দেখে আমাদেরকে দেখে ঝোপের আড়ালে লুকিয়ে গেল। একতো বন্য মহিষ, দেখতে বীভৎস, তার ওপর তার বিকট ঘোং ঘোং শব্দ। কিন্তু সে আমাদেরকে দেখে পালালো কেন। অমিত আমাকে ইশারা দিয়ে বলল দেখতো ওর মাথায় এমন খট্ খট্ শব্দ হয় কেন? দেখবার জন্য আমার কষ্ট করতে হ'ল না সে আপনিই ঝোপ থেকে বেরিয়ে আমাদের ভালভাবে নিরীক্ষণ করে চলে গেল।

আমি তার মাথার দিকে। তাকিয়ে শিহরিয়ে উঠলাম। একটা আস্ত মানুষের শুকনো কঙ্কাল তার শিং এ চোকানো। মানুষটাকে এভাবে গুতিয়েছিল যে মাংস পচে গেছে কিন্তু শুকনো কঙ্কালটা তখনও পর্যন্ত তাকে ছাড়ে নাই, কি তার দুর্দর্শা। তাই সে মানুষ দেখলে একটু ভয়ভীতও সন্দিদ্ধ। ঘুরে ঘুরে সে আমাদের নজর থেকে বাঁচতে চায়। কারণ গুতোগুতির সাধটা সে ভালই পেয়েছে আর এখনও পাচ্ছে। তাই গুতোবার বিশেষ উদ্দেশ্য আর নাই।

মহিষউ চলে যাবার পর আমরাও অল্প এগিয়ে এক স্থানে নিজের তাবু ফেলাভাম। সেই দিনটি এভাবেই কাটল।

পরদিন সকালে আমরা আমাদের জিনিষ নিয়ে বেরিয়ে এসেছি। খুব তাড়াতাড়ি করে বেরিয়ে এসে অনেকটা, দূর এগিয়ে দেখি কিসের যেন হইচই। মনে হচ্ছে যেন জঙ্গল ভেঙ্গে হইচই। বোঝা গেল যে হনুমানেরা দর্শন দিতে আসছেন আমরা ঝোপের আড়ালে ছিলাম। সেখানে থেকেই এক রোমাঞ্চকর

দৃশ্য দেখলাম। অনেক গুলো হরিণ কি আনন্দে নেচে নেচে বেরাচ্ছে আর তাদের পিঠে একটি বানর। বানরদের বাঁদরামীর কি শেষ আছে। কেউ ডিগবাজী খাচ্ছে, কেউ শিং টানছে, কেউ কাণ টানছে কি অদ্ভুত তাদের এই Relation কয়েকটি বানর গাছের উপর থেকে কঁচিপাতা ছিঁড়ে হরিণদের খাওয়াচ্ছে। হঠাৎ বাণর গুলো অদ্ভুত শব্দ করে উঠলো। আর হরিণ বানর সকলে বাতাসের বেগে উধাও হ'ল। অমিত বলল এটা বাঘ আসার পূর্ব লক্ষণ, ক্রমে নিজের বন্দুক Ready কর। আমি বন্দুক ঠিক করতে গিয়ে দেখি গুলী ভরাতে ভুলে গেছি। অমিত বলল এখন শীঘ্রই তাঁবুতে ফিরে যাওয়া দরকার। বিনা বন্দুকে একপা বাড়োনো বোকামী ছাড়া আর কিছু হবে না। আমরা ছুটে গেলাম তাবুর দিকে। তাবুতে ঢুকে প্রয়োজনীয় সব নিয়ে বেরিয়ে আসতেই দেখি বনের রাজার দর্শন পাওয়া গেল। তার চোখে হিংস্র দৃষ্টি অমিত বন্দুক নিশানায় লাগবার আগেই বাঘটা তার উপর ঝাঁপিয়ে পড়ল। সে মাথা নুইয়ে বসে পড়ল। ততক্ষণে আমি দুটো গুলি মারলাম। বাঘটা আমার দিকে ঝাঁপিয়ে পড়ল। অমিত একটা গুলি তার মাথায় মারায় সে আর উঠে দাঁড়াতে পারল না। আমাদের উদ্দেশ্য পূর্ণ হওয়া আমরা বাড়ির দিকে রওয়ানা হলাম কিন্তু আমার সেই মহিষটাকে আর একবার দেখার ইচ্ছা আব. পূর্ণ হলনা। □

কৌতুক

শ্রী যোগিতা দাস

উচ্চতর মাধ্যমিক ২য় বর্ষ

একটুখানি হাসি :—

(১)

মোহন একদিন এক অফিসে 'ইন্টারভিউ' দিতে গেল—

ইন্টারভিউয়ার : আমি যদি তোমার একটা কান কেটে দিই তাহলে কি হবে।

মোহন : তাহলে আমি ভাল করে শুনতে পারব না।

ইন্টারভিউয়ার : আর যদি আমি তোমার দুটো কাণই কেটে দিই।

মোহন : তাহলে আমি ভাল করে দেখতে পারব না।

ইন্টারভিউয়ার : কেন ?

মোহন : তাহলে আমার চশমাটা পরে যাবে।

(২)

এক দিন অক্ষুর পরীক্ষা দিয়ে তার ঘরে আসলে তার মা তাকে পরীক্ষার
সম্বন্ধে জিজ্ঞাসা করলেন—

মা : পরীক্ষা কেমন হ'ল ?

অক্ষর : ভাল হয়েছে মা।

মা : 'কোয়েশ্চন পেপার' কেমন ছিল

অক্ষর : যেমন সাধারণতঃ থাকে সাদা কাগজের ওপর কালো অক্ষরে
লেখা।

(৩)

এক দিন এক জেলের দারোগা তার এক কয়েদীকে জিজ্ঞাসা করল—

দারোগা : আমি তোমাকে এই জেলে অনেক দিন ধরেই দেখছি। তোমার
সঙ্গে কেউ দেখা করতেই আসেনা। তোমার কি কেউ নেই ?

কয়েদী : আছে সাহেব। আমার বন্ধু-বান্ধব, সম্বন্ধী সবাই আছে।

দারোগা : তাহলে তারা দেখা করতে আসে না কেন ?

কয়েদী : আসেনা কারণ আমার সম্বন্ধী এবং বন্ধু-বান্ধব রাও এই
জেলেই আছে।

(৪)

সুমিতের পরীক্ষার মার্ক সীট দেওয়ার পর তার বন্ধু রাখল তাকে জিজ্ঞাসা
ক'রল—

রাখল : তুমি কাল তোমার বাবাকে তোমার মার্কসীট দেখিয়েছিলে?

সুমিত : হ্যাঁ, দেখিয়েছিলাম।

রাখল : কখন?

সুমিত : যখন তিনি ঘুমিয়ে ছিলেন।

□□□

কৌতুক

শ্রী দিবাকর দে

উচ্চতর মাধ্যমিক ২য় বর্ষ

হাসির সুড়সুড়ি :—

(১)

ইন্সপেক্টর স্কুলের পরিদর্শনে এসে ক্লাসে ক্লাসে ঘুরে ছাত্রদের পড়াশোনা কেমন
হচ্ছে খোঁজখবর নিচ্ছেন।

একটি ক্লাশে ঢুকে এক ছাত্রকে তিনি জিজ্ঞাস কলেন,

: তোমার পায়ে কী?

: জুতো স্যার।

: জুতো কী থেকে তৈরী হয়?

: চামড়া থেকে।

: চামড়া কোথায় পাওয়া যায়?

: গরুর গা থেকে।

ইন্সপেক্টর খুশি হয়ে পরের ক্লাশে গেলেন। সেখানেও একটু ঘুরিয়ে এক
ছাত্রকে একই প্রশ্ন করলেন—

বলোতো কোন জীব তোমার পায়ের জুতো জোগায়, আবার নানা রকম
খাওয়ার জিনিসও সরবরাহ করে?

—আমার বাবা স্যার।

(২)

এক জুয়ারীকে ধরে আনা হয়েছে থানায়। সে দারোগাকে বলল—স্যার,
আমাকে থানায় ধরে আনলেন কেন?

দারোগা বললেন। বুঝতে পারছিসনা? জুয়া খেলার জন্য।
জুয়ারী : বাঃ খুব ভাল। তো কোথায় বসে খেলবেন স্যার?

(৩)

: দেখছো না, নোটসবোর্ডে লেখা। এখানে মাছ ধরা বারন।
: আমি মাছ ধরছি না। আমি আমার কেঁচোটাকে সাঁতার শেখাচ্ছি।

(৪)

: পৃথিবীর আকৃতি কিরকম, তুলি?
: জানিনা আন্টি। বলে দাও কি রকম।
: আচ্ছা বুঝিয়ে দিচ্ছি। বলতো, তোমার দিদি কীরকম দুল পরেন?
: লম্বা।
: রোজ কি তাই পরেন?
: না। গত রবিবারে গোল পরেছিলেন।
: বাঃ ঠিক এই রকম। এবার তুমি নিজে মুখে বলো—
পৃথিবীর আকৃতি কী রকম?
সপ্তাহে ছ'দিন লম্বা। আর রবিবারে গোল।

(৫)

এক সেলুনের দেওয়ালজুড়ে কেবল ভূতের ছবি
টাঙানো। দেখতে দেখতে এক খদ্দের জিজ্ঞেস করল,
দাদা, এত ভূতের ছবি লাগিয়ে রেখেছেন কেন?
সেলুন মালিক বলল, ভূতের ভয়ে চুল খাঁড়া হলে আমাদের
কাঁটতে সুবিধে হয়। তাই।

(৬)

দুই বন্ধুর দেখা। একজন বলল। বুঝলি রামু

আমদের বাড়িতে গ্যাস সিলিণ্ডারটা আজ হঠাৎ ফেটে

গেল। মা ছিটকে পড়লেন বাড়ির বাইরে।

: কি সাংঘাতিক কাণ্ড? তারপর?

: তবে ব্যাপারটায় মা খুব খুশি হয়েছেন

: খুশি হয়েছেন? কী রকম?

: বিয়ের পর থেকে চব্বিশ বছর বাবে মাকে কখনো বাইরে নেয়নি। এই প্রথম
যাওয়ার সুযোগ।

(৭)

লোকেল ট্রেনের প্রথম যাত্রী: রকেট চেপে চাঁদে যাওয়ার জন্য লোকে অমন
আদিখ্যাতা করছে কেন বুঝি না। আমার ইচ্ছে
করলে সূর্যে পর্যন্ত চলে যেতে পারি।

দ্বিতীয় যাত্রী

: স্কেপেছিস সূর্জের ২৫ লক্ষ মাইলের মধ্যে
গেলে প্রচণ্ড তাপে রকেট গেলে বাবে যে!

প্রথম যাত্রী

: দিনের বেলায় গেলে তো। রাতে যাবো।




কবিগুরু



কৌস্তভ দাসগুপ্ত, উচ্চতর মাধ্যমিক দ্বিতীয় বর্ষ

পরিবেশকে বাঁচাও



মিঠুন রয়, উচ্চতর মাধ্যমিক দ্বিতীয় বর্ষ

हिन्दी साहित्य को अपभ्रंश काव्य की देन

डा० प्रदीप कुमार शर्मा
विभागाध्यक्ष, हिन्दी विभाग
के. आर. बी. गर्ल्स कालेज
फ़्टाशील, गुवाहाटी-781009

सभ्यता का विकास भाषागत विकास का पर्याय होता है। सभ्यता की यह सांस्कृतिक परिणति अपनी अभिव्यक्ति के लिए पारिस्थितिक परिवेशों के अधीन एक ऐसी भाषा का विधान करती है जो उसकी समग्रता की सशक्त वाहिका बन सके। इस रूप में समान संस्कृति और समान भाषा की संरचनाएँ एक दूसरी से अपरिहार्य रूप में एकान्वित हो जाती हैं।

हिन्दी साहित्य के विद्वानों के अनुसार वैदिक भाषा व्याकरण के नियमों से पूर्णतया जकड़ी हुई न थी। जब जन-सामान्य की बोलचाल से अलग होकर शिष्ट लोगों के व्यवहार की भाषा बनी तब नियमबद्ध होकर वह संस्कृत अर्थात् संस्कार की हुई या संशोधन की हुई भाषा कहलायी। उसमें एकरूपता आ गयी और वह सारे देश की भाषा का राष्ट्रभाषा बन गयी, किन्तु इसके साथ बाद में उसका विकास भी बंद हो गया। भाषा के एकरूपता देने तथा व्याकरण के ढाँचे में बाँधने वालों में महर्षि पाणिनि का नाम विशेष आदर से लिया जाता है। उसका समय 600 ईसा पूर्व के लगभग माना जाता है।

संस्कृत का व्याकरण बद्ध रूप साहित्य में प्रतिष्ठा पा गया, किन्तु व्याकरण की जटिलता के कारण वह जन-समुदाय के लिए कुछ दुरुह हो गयी। वह विद्वानों की ही भाषा रही, और जन-समुदाय की भाषा स्वतंत्र रूप से विकसित होती रही। महात्मा बुद्ध ने जनता में अपने सिद्धान्तों के प्रचार के निमित्त लोकभाषा को ही अपनाया। बोद्ध लोग उसी जन-समुदाय की

भाषा को मागधी या मूल भाषा कहते हैं। पीछे इसकी पाली नाम से प्रतिष्ठा हुई। प्राचीन बौद्ध-ग्रंथों तथा अशोक के शिलालेखों में यह रूप मिलता है, अशोक के शिलालेख ब्राह्मी तथा खरोष्ठी दोनों ही लिपियों में मिलते हैं। कुछ लोग बौद्धों की इस मूल भाषा को पहली प्राकृत कहते हैं।

प्राचीन भारतीय विद्वानों का विचार था कि संस्कृत से प्राकृत का उदय हुआ। उनके मत से उच्चारण की सुगमता संबंधी प्राकृतिक नियमों के कारण संस्कृत ने वह रूप धारण कर लिया। इसको साहित्यिक प्राकृत भी कहते हैं। जन-समुदाय की भाषा कालांतर में साहित्य में प्रतिष्ठा प्राप्त कर लेती है। ऐसी दशा में साहित्यिक भाषा एक निश्चित रूप धारण कर लेने के कारण विद्वानों की भाषा हो जाती है, और जन-समुदाय की भाषा प्राकृतिक नियमों के अनुसार विकसित होती रहती है। इसी प्राकृतिक नियम के अनुकूल जन-समुदाय की भाषा को पहले साहित्यिक लोग, अपढ़ या कम पढ़े लोगों की भाषा अपभ्रंश अर्थात् बिगड़ी हुई भाषा कहते थे। पहले तो विद्वान-मण्डली में यह तिरस्कार की दृष्टि से दुखी जाती थी, पर पीछे इसका आदर होने लगा और इसमें भी साहित्य पर्याप्त मात्रा में रचा गया।

यद्यपि अपभ्रंश भाषा में 8 वीं सदी से ही साहित्य-रचना होने लगी थी और दसवीं सदी तक उसमें अधिकांश धार्मिक व लौकिक साहित्य रचा जा चुका था, किन्तु इसके बाद भी आगे की कई शताब्दियों में जन-भाषा के साथ-ही-साथ अपभ्रंश में भी काव्य-रचना होती रही। आदिकाल में अपभ्रंश साहित्य को दो वर्गों में रखा जा सकता है—धार्मिक साहित्य और लौकिक साहित्य। धार्मिक साहित्य के अन्तर्गत कतिपय बौद्ध, सिद्धों नाथ योगियों और जैन मुनियों की रचनाएँ आती हैं। बौद्ध सिद्धों का समय 8 वीं से 12 वीं सदी माना गया है। पूर्वी प्रदेश में बिहार से असम तक इनका प्रभाव क्षेत्र था। सिद्धों के विचारों का हिन्दी के कबीर आदि निगुर्णमार्गी कवियों पर काफी प्रभाव पड़ा। नाथयोगी 9 वीं सदी से 14 वीं सदी के मध्य हुए। गोरखनाथ इस सम्प्रदाय के सर्वाधिक महिमासम्पन्न व्यक्तित्ववाले योगी थे। उनका समय 11 वीं-12 वीं शताब्दी के लगभग माना जाता है। ये नाथ-योगी निवृत्तिमार्गी थे। ये सात्विक जीवन पर जोर देते थे, हठयोग की उपासना करते थे और निरीश्वरवादी थे।

